এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtube.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
দেখুন
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

NARSINGHA
ই-পেপার: www.ekdin-epaper.com
EKDIN
# একদিন
এগিয়ে চলার সঙ্গী

রবি সাহিত্য সংস্কৃতি সময়চিত্র | সোম স্বাস্থ্য বীমা আরোগ্য | মঙ্গল শিক্ষা প্রযুক্তি চাকরি টার্গেট | বুধ ভ্রমণের টুকিটাকি | বৃহস্পতি খেলার জগৎ প্যাভেলিয়ন | শুক্র সিনেমা অনুষঙ্গ বায়োস্কোপ | শনি অর্ধেক আকাশ ত্রিবেণী

৩ শ্রীরামপুরে মমতা বন্দ্যোপাধ্যায়ের মিছিলে 'না' হাইকোর্টের
স্বস্তি বিধাননগরে! এবার পুজোর মুখে নিয়ন্ত্রণে ডেঙ্গু ৩

কলকাতা ১১ সেপ্টেম্বর ২০২৬ ২৪ ভাদ্র ১৪৩৩ শুক্রবার বিংশ বর্ষ ৯২ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 11.09.2026, Vol.20, Issue No. 92, 8 Pages, Price 3.00

## বিশ্ববিদ্যালয়ের বদলিতে বিধানসভায় সরব মুখ্যমন্ত্রী

# গৃহীত সংশোধনী বিল

**নিজস্ব প্রতিবেদন:** বিধানসভায় বিশেষ অধিবেশনে দ্য ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটিজ অ্যান্ড কলেজেস অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড রেগুলেশন অ্যামেন্ডমেন্ট বিল, ২০২৬' পেশের মাধ্যমে রাজ্যের এক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বা অশিক্ষক কর্মীদের অন্য বিশ্ববিদ্যালয়ে বদলি করার আইনি কাঠামো তৈরি করা হয়েছে। বিধানসভায় পাশ হয়েছে 'অধ্যাপক ও শিক্ষাকর্মী বদলি বিল'।

এদিন, প্রাক্তন উপাধ্যক্ষ তথা প্রাক্তন মন্ত্রী আশিস বন্দ্যোপাধ্যায়ের অপমৃত্যুকে কেন্দ্র করে বিধানসভার অধিবেশনের শুরুতে শোকের আবহ তৈরি হয়। অধ্যাপক-রাজনীতিক আশিস বন্দ্যোপাধ্যায়ের জীবন, কর্ম এবং তাঁর আকস্মিক মৃত্যুকে ঘিরে শোকপ্রস্তাবের পাশাপাশি শাসক ও বিরোধী; উভয় পক্ষের সদস্যদের বক্তব্যে উঠে আসে তাঁর ব্যক্তিত্ব, সততা এবং সংসদীয় আচরণের স্মৃতি। শেষে এক মিনিট নীরবতা পালনের মাধ্যমে প্রয়াতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে সভার কাজ ১০ মিনিটের জন্য মুলতুবি রাখা হয়।

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির শিক্ষক, আধিকারিক ও অশিক্ষক কর্মীদের এক বিশ্ববিদ্যালয় থেকে অন্য বিশ্ববিদ্যালয়ে বদলির জন্য প্রথমবার আইনি কাঠামো তৈরির লক্ষ্যে আনা সংশোধনী বিল ঘিরে বৃহস্পতিবার বিধানসভায় তুমুল রাজনৈতিক সংঘাতের সৃষ্টি হয়। 'দ্য ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটিজ অ্যান্ড কলেজেস (অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড রেগুলেশন) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২৬' নিয়ে দীর্ঘ আলোচনায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী যাদবপুর বিশ্ববিদ্যালয়, শিক্ষক সংগঠন 'জুটা' এবং বামপন্থী অধ্যাপকদের বিরুদ্ধে নজিরবিহীন আক্রমণ শানান। তাঁর অভিযোগ, বিশ্ববিদ্যালয়ের একাংশে 'দেশবিরোধী' ও 'চরমপন্থী' রাজনীতির পরিবেশ তৈরি হয়েছে, প্রশাসনিক শৃঙ্খলা ফিরিয়ে আনতেই এই আইন প্রয়োজন।

মুখ্যমন্ত্রীর দাবি, রাজ্যের নবগঠিত ও শিক্ষক-স্বল্প বিশ্ববিদ্যালয়গুলিকে শক্তিশালী করতেই অভিজ্ঞ শিক্ষক ও কর্মীদের প্রশাসনিক প্রয়োজনে অন্য বিশ্ববিদ্যালয়ে পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে। তিনি বলেন, 'এটি কোনও শাস্তিমূলক ব্যবস্থা নয়। মানবসম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করাই সরকারের লক্ষ্য।'

বিল অনুযায়ী, প্রশাসনিক প্রয়োজনে রাজ্য সরকারের সঙ্গে পরামর্শ করে আচার্য কোনও বিশ্ববিদ্যালয়ের কর্মীকে অন্য বিশ্ববিদ্যালয়ে বদলি করতে পারবেন। বদলিকৃত কর্মী মূল প্রতিষ্ঠানে লিয়েন বজায় রাখা অথবা নতুন বিশ্ববিদ্যালয়ে স্থায়ীভাবে অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ পাবেন। পরিষেবার শর্ত, পরিবহণ ভাতা এবং সিনিয়রিটির সুরক্ষারও প্রস্তাব রাখা হয়েছে।



বিলের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী সরাসরি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রসঙ্গ তোলেন। তাঁর অভিযোগ, 'সেন্টার অফ এক্সেলেন্সকে সেন্টার অফ এক্সট্রিমিজম হতে দেওয়া হবে না।' যাদবপুরে 'কাশ্মীর মাঙ্গে আজাদি', 'ভারত তেরে টুকরে হোঙ্গে', 'রেড স্যালুট কমরেড কিষাণজি' বা 'ফ্রি প্যালেস্টাইন'-এর মতো স্লোগান ও দেওয়াল লিখনের উল্লেখ করে তিনি বলেন, এ ধরনের কর্মকাণ্ড বরদাস্ত করা হবে না। তিনি দাবি করেন, প্রশাসনিক আইনের ফাঁককে কাজে লাগিয়ে বিশ্ববিদ্যালয়ের একাংশে দীর্ঘদিন ধরে 'দেশবিরোধী শক্তি' সক্রিয় থেকেছে।

মুখ্যমন্ত্রী আরও বলেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে বিপুল সংখ্যক অধ্যাপক থাকলেও নবগঠিত বহু বিশ্ববিদ্যালয়ে স্থায়ী শিক্ষক নেই। তাঁর বক্তব্য, 'যাদবপুরে যেখানে একটি বিভাগে ৪১ জন অধ্যাপক রয়েছেন, সেখানে কন্যাশ্রী বিশ্ববিদ্যালয়ে অঙ্কের একজনও অধ্যাপক নেই। প্রয়োজনে অভিজ্ঞ শিক্ষকদের সেখানে গিয়ে প্রতিষ্ঠান গড়ে তুলতে হবে।'

বিরোধীদের অভিযোগ, এই বিলের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের স্বশাসনে সরাসরি হস্তক্ষেপের পথ খুলে দিচ্ছে সরকার এবং রাজনৈতিক উদ্দেশ্যে শিক্ষক বদলির সুযোগ তৈরি করা হচ্ছে। বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় দাবি করেন, এই আইনের 'ষোলো আনা অপব্যবহারের' সুযোগ রয়েছে। আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী

> সেন্টার অফ এক্সেলেন্সকে সেন্টার অফ এক্সট্রিমিজম হতে দেওয়া হবে না।
> — শুভেন্দু অধিকারী, মুখ্যমন্ত্রী

বলেন, বিলটি কার্যকর হলে বিশ্ববিদ্যালয়গুলি কার্যত সরকারি দপ্তরে পরিণত হবে। সিপিএম বিধায়ক মুস্তাফিজুর রহমানের আশঙ্কা, শিক্ষক বদলি শুরু হলে গবেষণা ও পঠনপাঠনের ক্ষতি হবে এবং একটি নির্দিষ্ট বিশ্ববিদ্যালয়কে লক্ষ্য করেই এই বিল আনা হয়েছে।

যদিও উচ্চশিক্ষামন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় বিরোধীদের আশঙ্কা উড়িয়ে দিয়ে বলেন, এটি কোনও নতুন ধারণা নয়। তাঁর দাবি, কেরল, কর্নাটক, বিহার ও উত্তরপ্রদেশ-সহ একাধিক রাজ্যে বিশ্ববিদ্যালয় স্তরে বদলির বিধান রয়েছে। পশ্চিমবঙ্গেও নতুন ও পুরনো বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও পরিকাঠামোর বৈষম্য কমাতেই এই ব্যবস্থা নেওয়া হচ্ছে। তাঁর বক্তব্য, 'আইনটি শুধুমাত্র প্রশাসনিক প্রয়োজনে প্রয়োগ হবে, অ্যাকাডেমিক স্বাধীনতায় হস্তক্ষেপের জন্য নয়।'

বিতর্কের মাঝেই বিরোধী দলগুলি কক্ষ ত্যাগ করে। ভোটাভুটিতে বিলের পক্ষে ১৭১টি এবং বিপক্ষে ১৫টি ভোট পড়ে। ফলে সংশোধনী বিলটি বিধানসভায় গৃহীত হয়। একই দিনে রাজ্যের ১৮টি সরকারি বিশ্ববিদ্যালয়ের কর্মীদের প্রভিডেন্ট ফান্ড পরিচালনায় অভিন্ন নীতি কার্যকর করার লক্ষ্যে আরও একটি সংশোধনী বিলও বিধানসভায় পাশ হয়েছে। সরকারের দাবি, এর ফলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়গুলিতে প্রভিডেন্ট ফান্ড পরিচালনা আরও সুশৃঙ্খল ও একরূপ হবে।

## 'কড়া মাপের ওষুধ দিতে হবে', শুভেন্দুর নিশানায় জুটা

**নিজস্ব প্রতিবেদন:** বিধানসভায় পাশ হয়েছে 'অধ্যাপক ও শিক্ষাকর্মী বদলি বিল'। যাদবপুর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (জুটা) প্রথম থেকেই এই বিলের বিরোধিতা করছিল। এই বিল কেন আনা হল, সে প্রসঙ্গে বলতে গিয়েই মুখ্যমন্ত্রীর কথায় উঠে এল যাদবপুর বিশ্ববিদ্যালয় প্রসঙ্গ। আর তাতেই মুখ্যমন্ত্রীর নিশানায় জুটার অধ্যাপকরা। মুখ্যমন্ত্রী বলেন, 'জুটার লোকেরা কী করেছেন, সব ইতিহাস রয়েছে, বার করব।'

সরাসরি আক্রমণ করে তিনি বলেন, 'অধ্যাপক বামপন্থীদের জামা পরে গেরুয়াকে টার্গেট করছেন। পহেলগাঁও হামলার প্রতিবাদে মিছিল করেন না ওঁরা। সনাতন ধর্মকে ওনারা কালচারাল মনে করেন। নকশালদের বীজ উপড়ে ফেলার সঠিক সময়।' বিধানসভায় দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী এদিন আবারও বলেন, 'ঋষি অরবিন্দের তৈরি করা যাদবপুর বিশ্ববিদ্যালয়, যেখান হস্টেল থেকে ছাত্রছাত্রীদের বের করে নিয়ে যাবেন, বলবেন কাশ্মীর মাঙ্গে আজাদি, তা চলবে না। আমরাই টুকরো করে দেব আপনাদের। বেয়াদপির একটা সীমা রয়েছে। আর্টস বিভাগের দেওয়ালে লিখছেন ফ্রি প্যালেস্তাইন। রেড স্যালুট কমরেড কিষাণজি, গোদাবরী থেকে গোমতী, যারা আলাদা ভারত তৈরির পরিকল্পনা করেন, তাদের বরদাস্ত করা হবে না। যাঁরা বলছেন তাঁরা চিহ্নিত হয়েছেন।'

যাদবপুরের জুটার অধ্যাপকদের উদ্দেশে কড়া আক্রমণ শানিয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, 'আমি বুঝতে পারছিলাম সিপিএমের সদস্য ও তার সহযোগী আইএসএফ, তারা বুঝতে পারছে, এই বিলটা কোথায় আঘাত করবে। তথাকথিত ছাত্র নামধারী নয়। যাঁরা ব্রেন ওয়াশ করছেন, তাঁদেরকেও কড়া মাপের ওষুধ দিতে হবে।' জুটার সদস্যদের অতীত ও বর্তমান ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে মুখ্যমন্ত্রী হুঁশিয়ারি দেন, তাদের সমস্ত ইতিহাস বের করা হবে। প্রয়োজনে প্রাক্তন উপাচার্য গোপাল সেন হত্যার ইতিহাস খতিয়ে দেখতে কমিশন বসানোর ইঙ্গিতও দেন তিনি।

জুটার অধ্যাপকদের উদ্দেশে কিছুটা কটাক্ষের সুরেই মুখ্যমন্ত্রী বলেন, 'আমরা এই জন্য বিল প্রয়োগ করব না, আমরা এই কারণে প্রয়োগ করব, কারণ আমাদের নতুন তৈরি হওয়া বিশ্ববিদ্যালয়গুলোতে তথাকথিত পণ্ডিতগুলোকে পাঠাব। তাঁরা গিয়ে দুর্বল বিশ্ববিদ্যালয়গুলোকে শক্তিশালী করে দিয়ে আসবেন। তথাকথিত সমাজবাদ প্রতিষ্ঠা করতে চান, তাঁদের নতুন বিশ্ববিদ্যালয়ে আনছি। তাঁদের বিরাট মেধাকে যথাযথভাবে কাজে লাগাতে চাই। আপত্তির কারণ কী!'





*বৃহস্পতিবার সন্ধ্যায় কৌশিকী অমাবস্যা উপলক্ষে কালীঘাটে লাল বেনারসি, জবার মালা দিয়ে মা'কে পুজো দেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। পুজো শেষে মন্দিরের মেঝেতে বসেই মাছ ভাজা, বাসন্তি পোলাও-সহযোগে ভোগ খান তিনি। নিজের হাতে ভক্তদের মধ্যে ভোগ বিতরণও করেন। ছবি-অদিতি সাহা*

## তিন মামলার তদন্তে এনআইএ

■ রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে খুনের চক্রান্ত মামলার তদন্তভার নিল এনআইএ। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর নির্দেশে তদন্তভার নিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। বেঙ্গল এসটিএফ- এর হাতে ধৃত মূল চক্রী হামিম মণ্ডলের মামলার তদন্তভার নিল এনআইএ। দেশজুড়ে ছড়িয়ে পাক গ্যাংস্টার শাহজাদ ভাট্টি গ্যাং। কলকাতা থানায় রুজু করেছে মামলা। মঙ্গলবার বিশেষ এনআইএ আদালতে ভারতীয় ন্যায় সংহিতা, তথ্যপ্রযুক্তি আইন এবং অবৈধ কার্যকলাপ প্রতিরোধ আইনে (ইউএপিএ) করা নতুন এফআইআর জমা দিয়েছে জাতীয় তদন্তকারী সংস্থা।

## পাইলটদের মাদক পরীক্ষা

■ দেশের সব বিমান সংস্থার সকল পাইলটের মাদক পরীক্ষা করার নির্দেশ দিল ভারতীয় বিমান চলাচল নিয়ামক সংস্থা ডিজিসিএ (ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন)। সংবাদসংস্থা পিটিআই সূত্র উল্লেখ করে জানিয়েছে, আগামী বছরের জুলাই মাসের মধ্যে পাইলটদের মাদক সংক্রান্ত পরীক্ষা সম্পন্ন করতে বলা হয়েছে।

## মমতার সভা স্থগিত

■ হুগলির মাহেশে আজ কালীঘাট তৃণমূলের সভা হচ্ছে না। শ্রীরামপুরে তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের মিছিল করার আবেদনে সাড়া দিল না কলকাতা হাইকোর্ট। তবে মিছিলের অনুমতি না মিললেও শর্তসাপেক্ষে জনসভা করার অনুমতি দেওয়া হয়েছে তৃণমূল সুপ্রিমোকে। বৃহস্পতিবার এই সংক্রান্ত এক মামলায় বিচারপতি সৌগত ভট্টাচার্যের একক বেঞ্চ নির্দেশ দিয়েছে, শ্রীরামপুরে কোনও মিছিল করা যাবে না।

-বিস্তারিত শহরের পাতায়

## রক্ষাকবচ উঠতেই শ্রীঘরে সুমিত রায়

### অভিষেকের বাড়ি থেকে গ্রেপ্তার

**নিজস্ব প্রতিবেদন:** শীর্ষ আদালতে রক্ষাকবচ খারিজ হতেই তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আপ্তসহায়ক সুমিত রায়কে গ্রেপ্তার করল রাজ্য পুলিশের সিআইডি। বৃহস্পতিবার দুপুরে কলকাতার কালীঘাট এলাকায় অভিষেকের বাড়ি থেকেই তাঁকে গ্রেপ্তার করেন তদন্তকারীরা। এদিকে সূত্রে খবর, শালবনির বহু কোটি টাকার সরকারি জমি দুর্নীতি মামলায় অভিযুক্ত সুমিতকে শুক্রবার মেদিনীপুর আদালতে হাজির করা হবে। তদন্তের স্বার্থে তাঁকে নিজেদের হেপাজতে নেওয়ার আবেদন জানাবে সিআইডি।



এদিকে সূত্রে খবর, বৃহস্পতিবার শীর্ষ আদালতের রায় স্পষ্ট হতেই সিআইডির একটি দল বিশাল পুলিশবাহিনী নিয়ে কালীঘাটে পৌঁছোয়। শুরুতে সেখানে থাকা নিরাপত্তারক্ষীদের সঙ্গে পুলিশকর্মীদের কিছুটা বচসা ও ধস্তাধস্তি হলেও সিআইডি আধিকারিকেরা ভিতরে ঢোকেন। সেখান থেকেই গ্রেপ্তার করা হয় সুমিতকে। প্রথমে তাঁকে ভবানী ভবনে নিয়ে যাওয়া হয়, পরে নিয়ম মাফিক স্বাস্থ্যপরীক্ষার জন্য এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

রাজ্য রাজনীতিতে দীর্ঘদিন ধরেই চর্চায় ছিল শালবনি থানা এলাকার সরকারি জমি জালিয়াতি মামলা। অভিযোগ, জালিয়াতির মাধ্যমে সরকারি জমির চরিত্র পরিবর্তন করে ও জাল নথি বানিয়ে সাধারণ মানুষের কাছে বিপুল দামে তা বিক্রি করা হতো। এই মামলায় মেদিনীপুরের প্রাক্তন তৃণমূল বিধায়ক সুজয় হাজরাকে আগেই গ্রেপ্তার করেছিল পুলিশ। পুলিশি হেপাজতে তাঁকে টানা জিজ্ঞাসাবাদের পর কোটি কোটি টাকার আর্থিক লেনদেনের হদিস মেলে। সেই টাকা একাধিক হাত ঘুরে কার অ্যাকাউন্টে যায়, তা খতিয়ে দেখতে গিয়েই উঠে আসে অভিষেকে বন্দ্যোপাধ্যায়ের আপ্তসহায়ক সুমিত রায়ের নাম। তদন্তকারীদের দাবি, গত জুন মাসেই সুমিতের ব্যাঙ্ক অ্যাকাউন্টে এক লপ্তে প্রায় ৭১ লক্ষ টাকা জমা পড়েছিল। সব মিলিয়ে তাঁর অ্যাকাউন্টে ১৫ কোটি টাকারও বেশি জমার তথ্য মেলায় সিআইডির সন্দেহ আরও ঘনীভূত হয়।

আইনি সূত্রের খবর, কলকাতা হাইকোর্টে সুমিতের আগাম জামিনের আবেদন আগেই খারিজ হয়ে যায়। এর পর রক্ষাকবচ চেয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন তিনি। শীর্ষ আদালতের তিন বিচারপতির বেঞ্চে শুনানি চলাকালীন রাজ্যের আইনজীবী সুমিতের ব্যাঙ্ক অ্যাকাউন্টের অস্বাভাবিক লেনদেনের খতিয়ান এবং তদন্তে তাঁর অসহযোগিতার লিখিত নথি জমা দেন। সমস্ত নথি খতিয়ে দেখার পর প্রধান বিচারপতির বেঞ্চ স্পষ্ট জানায়, সুমিতকে পর্যাপ্ত সময় ও সুযোগ দেওয়া হলেও তিনি তদন্তে সহযোগিতা করেননি। এর পরেই তাঁর রক্ষাকবচ খারিজ করার নির্দেশ দেয় সর্বোচ্চ আদালত।

শীর্ষ আদালতের এই রায় সামনে আসার পরেই সিআইডি ও বিশাল পুলিশবাহিনী পৌঁছয় কালীঘাটে। প্রথমে সেখানে উপস্থিত নিরাপত্তারক্ষীদের সাথে পুলিশকর্মীদের বাগবিতণ্ডা ও সামান্য ধস্তাধস্তি হলেও কিছুক্ষণের মধ্যেই ভিতরে ঢোকেন আধিকারিকেরা। সেখান থেকেই সুমিত রায়কে আটক করে সোজা ভবানী ভবনে নিয়ে যাওয়া হয়। পরে নিয়ম অনুযায়ী এসএসকেএম হাসপাতালে তাঁর স্বাস্থ্যপরীক্ষা করানো হয়।

সুমিত রায়ের এই গ্রেপ্তারির পর রাজ্য রাজনীতিতে জোর শোরগোল শুরু হয়েছে। বিধানসভায় দাঁড়িয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই গ্রেপ্তারির কড়া সমালোচনা ও আক্রমণাত্মক মন্তব্য করেন। সিআইডি সূত্রে জানা গিয়েছে, কোটি কোটি টাকার এই জমি কেলেঙ্কারির নেপথ্যে মূল চক্রী কারা এবং দুর্নীতির টাকা আর কার কার কাছে পৌঁছেছে, তা সুমিতকে নিজেদের হেপাজতে নিয়ে মুখোমুখি বসিয়ে জেরার মাধ্যমে বের করতে চান তদন্তকারীরা।

### সাত বছর পর ভারতে চিনা প্রেসিডেন্ট

## মোদী-জিনপিং দ্বিপাক্ষিক বৈঠকের জোরদার জল্পনা

**নয়াদিল্লি, ১০ সেপ্টেম্বর:** ব্রিকস সম্মেলনে যোগ দিতে প্রায় সাত বছর পর ভারতে আসছেন চিনের প্রেসিডেন্ট শি জিনপিং। আগামী শনিবার নয়াদিল্লিতে দু'দিনের ব্রিকস সম্মেলন শুরু হচ্ছে। একাধিক সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুসারে, সম্মেলনের প্রথম দিনেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং জিনপিংয়ের দ্বিপাক্ষিক বৈঠক হতে পারে।

বৃহস্পতিবার সকালে অবশ্য জিনপিংয়ের সফর নিয়ে ধোঁয়াশা বজায় রেখেছিল বেজিং। ভারতীয় সময় অনুসারে দুপুরে চিনের বিদেশ দপ্তরের তরফে একটি বিবৃতি দিয়ে জিনপিংয়ের ভারতে আসার বিষয়ে সিলমোহর দেওয়া হয়। সেখানে বলা হয়েছে, 'ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে প্রেসিডেন্ট শি জিনপিং নয়াদিল্লিতে আয়োজিত অষ্টাদশ ব্রিকস সম্মেলনে যোগ দেবেন। ১২ থেকে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত এই সম্মেলন চলবে।' প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে বৈঠকের বিষয়ে অবশ্য এখনও আনুষ্ঠানিক ভাবে কিছু জানায়নি চিন।

ব্রিকস সম্মেলনে যোগ দিতে শনিবারই ভারতে আসার কথা জিনপিংয়ের। প্রায় ৪০০ জনের প্রতিনিধিদল নিয়ে আসছেন তিনি। ইতিমধ্যেই জানা গিয়েছে যে, ব্রিকস সম্মেলন শুরুর একদিন আগে, শুক্রবার নয়াদিল্লিতে দ্বিপাক্ষিক বৈঠক করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ক্রেমলিনের মুখপাত্র দিমিত্রি পেশকভ মঙ্গলবার এ কথা জানিয়ে বলেন, "দুই রাষ্ট্রনেতার আলোচনায় পরমাণু সহযোগিতা, প্রস্তাবিত 'সুখোই এসইউ-৫৭' এবং রাশিয়ার অশোধিত তেলের উপর মার্কিন শুল্ক আরোপ ও নিষেধাজ্ঞার মতো বিষয়ে আলোচনা হতে পারে।"

আগামী ১২-১৩ সেপ্টেম্বর দিল্লির ভারত মণ্ডপমে ব্রিকসের ১৮তম শীর্ষসম্মেলন। ২০১২, ১৬ এবং ২১-এর পরে এই নিয়ে চতুর্থ বার ভারত ব্রিকস-এর আয়োজক এবং সভাপতি রাষ্ট্র হয়েছে। সামগ্রিক ভাবে ব্রিকস-এর মূল বিষয় এ বার উদ্ভাবন, সহযোগিতা, সুস্থিতি বৃদ্ধি। কিন্তু শীর্ষসম্মেলনের পার্শ্ববৈঠকে জিনপিং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে নানা দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা করতে পারেন বলে বিদেশ মন্ত্রকের একটি সূত্র জানিয়েছে। রয়টার্স প্রকাশিত খবরে দাবি, নয়াদিল্লির চিনা দূতাবাসের আধিকারিকেরা এখন হোটেল ও নিরাপত্তা প্রোটোকল চূড়ান্ত করতে ব্যস্ত।



শেষ বার ২০১৯-এর অক্টোবরে ভারতে এসেছিলেন জিনপিং। ঘটনাচক্রে, তার পরের বছরেই পূর্ব লাদাখের গালওয়ান উপত্যকায় প্রকৃত নিয়ন্ত্রণরেখা (এলএসি) লঙ্ঘনকারী চিনা ফৌজের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়ে ভারতীয় সেনা। রক্তক্ষয়ী ওই সংগ্রামে এক কর্নেল-সহ ২০ জন ভারতীয় সেনা নিহত হয়েছিলেন। চিন সরকারি ভাবে তাদের চার সেনার মৃত্যুর কথা স্বীকার করে। যদিও বিভিন্ন সূত্রে দাবি, গালওয়ানে চিনের অন্তত ৩৮ জন জওয়ানের মৃত্যু হয়েছিল। ওই সংঘর্ষের পর থেকেই ভারত এবং চিনের পারস্পরিক সম্পর্কের দ্রুত অবনতি হয়। 'অপারেশন সিঁদুর' এবং তৎপরবর্তী ভারত-পাকিস্তান সংঘর্ষে চিন প্রকাশ্যেই পাকিস্তানের পাশে দাঁড়িয়েছিল।

গালওয়ান-সংঘাতের পর ২০২৪ সালে রাশিয়ার কাজানে বৈঠক হয়েছিল মোদী এবং জিনপিংয়ের। তার পর দুই দেশের মধ্যে সম্পর্কের বরফ কিছুটা গলার ইঙ্গিত মেলে। ২০২৫-এর ৩১ অগস্ট প্রধানমন্ত্রী মোদী দু'দিনের সফরে চিন গিয়েছিলেন। সেই সময় তিয়ানজিনে শাংহাই সহযোগিতা সংস্থা (এসসিও) শীর্ষবৈঠকে যোগ দেওয়ার পাশাপাশি জিনপিংয়ের সঙ্গে পার্শ্ববৈঠক করেছিলেন তিনি। অগস্টের শেষে কিরগিজস্তানের রাজধানী বিশকেকে আয়োজিত এসসিও বৈঠকে দু'জনেই উপস্থিত থাকলেও মোদী এবং জিনপিংয়ের দ্বিপাক্ষিক বৈঠক হয়নি। সংবাদ সংস্থা রয়টার্স জানিয়েছে, প্রায় সাত বছর পরে চিনা প্রেসিডেন্টের ভারত সফরে নয়াদিল্লি-বেজিং কূটনৈতিক সম্পর্কের 'বরফ গলার' সূচনা হতে পারে।

## মোদীর পঁচিশে 'আশীর্বাদের প্রদীপ'

**নিজস্ব প্রতিবেদন:** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনজীবনে ২৫ বছর পূর্তি উপলক্ষে পশ্চিমবঙ্গ জুড়ে একাধিক সরকারি কর্মসূচির ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বৃহস্পতিবার নবান্নে মন্ত্রী, আমলা, বিধায়ক এবং জেলাশাসকদের নিয়ে প্রস্তুতি বৈঠকের পর সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী জানান, আগামী ১৭ সেপ্টেম্বর থেকে শুরু হওয়া এই কর্মসূচির অন্যতম আকর্ষণ হবে রাজ্যের এক কোটিরও বেশি পরিবারে একযোগে 'আশীর্বাদের প্রদীপ' প্রজ্জ্বলন।

মুখ্যমন্ত্রী জানান, ৭ অক্টোবর গুজরাতের মুখ্যমন্ত্রী ও দেশের প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদীর ২৫ বছর পূর্ণ হচ্ছে। সেই উপলক্ষে অন্যান্য রাজ্যের মতো পশ্চিমবঙ্গ সরকারও বিশেষ কর্মসূচি গ্রহণ করেছে। ১৭ সেপ্টেম্বর অন্নপূর্ণা দিবসের কর্মসূচির পাশাপাশি সূর্যাস্তের পরে গোটা রাজ্যে 'আশীর্বাদ কি দিয়া' কর্মসূচি পালিত হবে। কলকাতায় গঙ্গার তীরে মূল অনুষ্ঠান হবে। ভিক্টোরিয়া মেমোরিয়াল, নবান্ন, রাইটার্স বিল্ডিং, কালীঘাট মন্দির-সহ বিভিন্ন সরকারি ও ঐতিহ্যবাহী ভবন প্রদীপ দিয়ে আলোকিত করার পরিকল্পনার কথাও জানান তিনি।

শুভেন্দুর দাবি, রাজ্যের ৮০ হাজারেরও বেশি স্কুলকে এই উদ্যোগের সঙ্গে যুক্ত করা হয়েছে। 'স্বপ্নের ভারত' শীর্ষক কর্মসূচিতে ২০৪৭ সালের 'বিকশিত ভারত' কেমন হবে, তা নিয়ে ছাত্রছাত্রীদের জন্য অঙ্কন, কুইজ, বিতর্ক, তাৎক্ষণিক বক্তৃতা ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে। এ ছাড়া 'নমো সেবা গাথা', 'অঙ্গন কা উৎসব', 'কাহানি বদলাও কি' কর্মসূচির মাধ্যমে প্রধানমন্ত্রী আবাস যোজনা, জল জীবন মিশন, প্রধানমন্ত্রী সূর্যঘর, আয়ুষ্মান ভারত এবং পিএম-কিষাণ সম্মান নিধির মতো কেন্দ্রীয় প্রকল্পের উপভোক্তাদের জীবনে কী পরিবর্তন এসেছে, তা তুলে ধরা হবে বলে জানান তিনি।

মুখ্যমন্ত্রী বলেন, 'বিকশিত ভারত সংকল্প যাত্রা' উপলক্ষে সাইকেল, বাইক ও পদযাত্রা হবে। ৭ অক্টোবর প্রতিটি জেলা সদরেই বড় অনুষ্ঠান হবে এবং প্রধানমন্ত্রী ভার্চুয়ালি দেশজুড়ে বিভিন্ন জেলাকে সম্বোধন করবেন।

সরকারের কর্মসূচির তালিকায় রয়েছে 'সেবা মেরা যোগদান', 'সেবা সেতু অভিযান', স্বচ্ছতা অভিযান, রক্তদান শিবির এবং আশা ও আইসিডিএস কর্মীদের অংশগ্রহণে বিভিন্ন সেবামূলক কর্মসূচি।

# আরজি কর: আদালতে রিপোর্ট জমা দেওয়ার আগে বাড়তি নজর চার চিকিৎসকের ওপর

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** আগামী সপ্তাহেই আরজি কর হাসপাতালের তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় আদালতে চূড়ান্ত তদন্ত রিপোর্ট জমা দেবে সিবিআই। আর তার ঠিক মুখেই তদন্তের অভিমুখ নতুন করে ঘুরল ‘লাস্ট সিন টুগেদার থিওরি’র ওপর ভিত্তি করে। অর্থাৎ যাঁদের সঙ্গে শেষবার দেখা গিয়েছিল নির্যাতিতাকে। ওই অভিশপ্ত রাতে নির্যাতিতার সঙ্গে যে চার সহপাঠী চিকিৎসক নৈশভোজ করেছিলেন, তাঁদের ভূমিকা ও বয়ান আরও একবার আঁতশকাচের নীচে রেখে খতিয়ে দেখছেন কেন্দ্রীয় তদন্তকারীরা। সেই কারণেই আরজি কর মামলার দায়িত্বে থাকা সিবিআইয়ের বিশেষ তদন্তকারী দল আবার ওই চার জনকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে।



যদিও গোয়েন্দা সূত্রের খবর, এই চার চিকিৎসককে মূল অভিযুক্ত করা হচ্ছে না। এই মুহূর্তে মামলার চার্জশিটে তাঁরা সাক্ষী হিসেবেই রয়েছেন। উল্লেখ্য, এই নৃশংস কাণ্ডে ইতিমধ্যেই মূল অভিযুক্ত সঞ্জয় রায় নিম্ন আদালতে দোষী সাব্যস্ত হয়ে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত হয়েছে। কিন্তু তদন্ত শেষ করার আগে কেন্দ্রীয় সংস্থা নিশ্চিত হতে চাইছে, সহকর্মীদের বক্তব্যে কোনও রকম বৈপরীত্য বা ফাঁকফোকর থেকে যাচ্ছে কি না। দু’বছর আগে লালবাজার এবং পরবর্তীতে সিবিআইকে দেওয়া বয়ান, এমনকী পলিগ্রাফ পরীক্ষার ফলাফলের সঙ্গে বর্তমান জবানবন্দি হুবহু মিলছে কি না, তা যাচাই করাই এখন গোয়েন্দাদের প্রাথমিক লক্ষ্য।

সিবিআই এবং আদালত সূত্রের খবর অনুযায়ী, ২০২৪ সালের ৮ অগস্ট রাতে আরজি করের চেস্ট ওপিডিতে একসঙ্গে নৈশকালীন ডিউটি (নাইট ডিউটি) করছিলেন ওই তরুণী চিকিৎসক এবং তাঁর চার সহপাঠী। রাত ১০টা ১৫ মিনিট নাগাদ অনলাইন ফুড ডেলিভারি অ্যাপের মাধ্যমে নিজের ও সহকর্মীদের জন্য খাবারের অর্ডার দেন নির্যাতিতা। খাবার আসার পর তিন তলার যে সেমিনার রুম থেকে পরবর্তীতে রক্তাক্ত দেহ উদ্ধার হয়, সেই সেমিনার রুমের ডায়াসেই বসেছিলেন পাঁচ জন। টিভিতে তখন চলছিল প্যারিস অলিম্পিকের সরাসরি সম্প্রচার। অলিম্পিকের খেলা দেখতে দেখতেই রাত ১২টা থেকে ১টা পর্যন্ত চলে তাঁদের নৈশভোজ ও কথাবার্তা। ১টার পর থেকেই পরিস্থিতির গতিপ্রকৃতি বদলাতে শুরু করে।

এই প্রসঙ্গে বলে রাখা শ্রেয়, জিজ্ঞাসাবাদে ওই চার চিকিৎসক আগে জানিয়েছিলেন, নৈশভোজের পর ক্লান্তি কাটাতে সেমিনার রুমের ডায়াসে পেতে রাখা গদির ওপর ঘুমিয়ে পড়েন ওই তরুণী। বাকি চার জনের মধ্যে দুই চিকিৎসক সেমিনার রুম সংলগ্ন স্টাডি রুমে বিশ্রামের জন্য চলে যান। আর তৃতীয় চিকিৎসক ঘুমোতে যান ইন্টার্নদের জন্য নির্ধারিত ঘরে। বাকি চতুর্থ চিকিৎসক ডিউটি করার জন্য নেমে যান সোজা এমার্জেন্সি ওয়ার্ডে। তদন্তে উঠে এসেছে, এমার্জেন্সিতে থাকার সময়েও ওই চিকিৎসকের সঙ্গে ফোনে কথা হয়েছিল নির্যাতিতার। কাজের বিষয়ে সহকর্মীকে কিছু দরকারি পরামর্শও দিয়েছিলেন তিনি।

এর পরদিন, অর্থাৎ ৯ অগস্ট সকাল সাড়ে ৯টা নাগাদ এক সহকর্মী চিকিৎসক প্রথম সেমিনার রুমে ঢোকেন। ডায়াসের ওপর সহপাঠীকে নারকীয় অবস্থায় পড়ে থাকতে দেখে চমকে ওঠেন তিনি। এরপরই খবর যায় হাসপাতালে এবং প্রশাসনিক মহলে। এদিকে এই প্রসঙ্গে সিবিআই সূত্রে এও জানা যাচ্ছে, দু’বছর আগের সেই বয়ানই এখনও অপরিবর্তিত রয়েছে কি না, না কি নতুন কোনও তথ্য সামনে আসছে তা জানতেই পুনরায় এই জেরাপর্ব। আগামী সপ্তাহে আদালতে চূড়ান্ত রিপোর্ট পেশ করার আগে তদন্তের প্রতিটি সুতো নিখুঁতভাবে বেঁধে নিতে চাইছে সিবিআই।



# শ্রীরামপুরে মমতা বন্দ্যোপাধ্যায়ের মিছিলে ‘না’ হাইকোর্টের

## একগুচ্ছ শর্তে জনসভার অনুমতি দিলেও আপত্তি রাজ্যের

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** শ্রীরামপুরে তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের মিছিল করার আবেদনে সাড়া দিল না কলকাতা হাইকোর্ট। তবে মিছিলের অনুমতি না মিললেও শর্তসাপেক্ষে জনসভা করার অনুমতি দেওয়া হয়েছে তৃণমূল সুপ্রিমোকে। বৃহস্পতিবার এই সংক্রান্ত এক মামলায় বিচারপতি সৌগত ভট্টাচার্যের একক বেঞ্চ নির্দেশ দিয়েছে, শ্রীরামপুরে কোনো মিছিল করা যাবে না। তার পরিবর্তে মাহেশের ঐতিহাসিক জগন্নাথদেব স্নানপিঁড়ি ময়দানে সভা করতে পারবে কালীঘাট তৃণমূল কংগ্রেস। সভাতেও আদালতের নির্দেশিত কড়া একগুচ্ছ শর্ত মেনে চলতে হবে।

রাজ্য সরকারের বিভিন্ন সিদ্ধান্তে্র প্রতিবাদে এবং দলীয় কর্মসূচি হিসেবে আগামী ১১ সেপ্টেম্বর শ্রীরামপুরের মাহেশ থেকে শ্রীরামপুর কোর্ট পর্যন্ত এক মহামিছিলের পরিকল্পনা করেছিল কালীঘাট তৃণমূল। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এই কর্মসূচি পালনের সিদ্ধান্ত নিয়ে পুলিশের কাছে অনুমতি চেয়ে আবেদন জানান চুঁচুড়ার প্রাক্তন বিধায়ক অসিত মজুমদার। কিন্তু পুলিশি অনুমতি মেলেনি। জটিলতা তৈরি হওয়ায় শেষ পর্যন্ত কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন তৃণমূল নেতৃত্ব। এদিকে আদালত সূত্রে খবর, বৃহস্পতিবার মামলার শুনানিতে আবেদনকারীদের পক্ষের আইনজীবী তথা প্রবীণ তৃণমূল নেতা কল্যাণ বন্দ্যোপাধ্যায় আদালতে উপস্থিত ছিলেন। শুনানি চলাকালীন বিচারপতি প্রস্তাব দেন, শ্রীরামপুর কোর্ট পর্যন্ত মিছিল না করে কোনও একটি নির্দিষ্ট স্থানে সভা করা যায় কি না। সেই প্রস্তাবে সাড়া দেয় আবেদনকারী পক্ষ। এরপরই স্নানপিঁড়ি ময়দানে সভার বিষয়ে অনুমোদন দেয় একক বেঞ্চ। আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় পরে জানান, ‘আমরা মিছিলের অনুমতি চেয়েছিলাম। তবে হাইকোর্টের পরামর্শ মেনে স্নানপিঁড়ি ময়দানে সভা করতে সম্মত হয়েছি। সেখানে মমতা বন্দ্যোপাধ্যায় বক্তব্য রাখবেন।’ সভা করার অনুমতি দিলেও একগুচ্ছ কড়া নির্দেশিকা জারি করেছেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। আদালত স্পষ্ট জানিয়ে দিয়েছে, দুপুর ১টা থেকে বিকেল ৩টের মধ্যেই সমস্ত রাজনৈতিক কর্মসূচি শেষ করতে হবে। জনসভায় সর্বোচ্চ ২ হাজার মানুষ উপস্থিত থাকতে পারেন। সঙ্গে এও নির্দেশ দেওয়া হয় যে, শ্রীরামপুর ও সংলগ্ন এলাকার পথচলতি মানুষ ও সাধারণ ট্রাফিকের যেন বিন্দুমাত্র ব্যাঘাত না ঘটে। সভা চলাকালীন বাস ও গাড়ি চলাচলের পর্যাপ্ত জায়গা রাখতে হবে। এছাড়াও আদালতের তরফ থেকে সতর্কবার্তা হিসেবে জানানো হয়েছে, জনসভায় ভাষণ দেওয়ার সময় এমন কোনো স্পর্শকাতর বা বিতর্কিত মন্তব্য করা যাবে না, যা কোনো নির্দিষ্ট গোষ্ঠী বা ধর্মীয় সম্প্রদায়ের ভাবাবেগে আঘাত করে। সঙ্গে এও জানানো হয়েছে, মিটিং চলাকালীন শৃঙ্খলা বজায় রাখতে তৃণমূলের তরফে কতজন ভলান্টিয়ার থাকবেন, তাঁদের তালিকা তৈরি করে নাম ও ফোন নম্বর বৃহস্পতিবার রাত ৮টার মধ্যে জমা দিতে হবে। এখানেই শেষ নয়, এছাড়াও অপ্রীতিকর যেকোনো পরিস্থিতি এড়াতে এলাকাজুড়ে পর্যাপ্ত পুলিশ বাহিনী মোতায়েন ও নিরাপত্তার সুব্যবস্থা করতে হবে রাজ্য পুলিশকে।

তবে সিঙ্গল বেঞ্চের এই রায়ের কয়েক ঘণ্টার মধ্যেই চিত্র বদলে যায়। রাজ্য সরকার বিচারপতি ভট্টাচার্যের নির্দেশকে চ্যালেঞ্জ করে প্রধান বিচারপতি রবীন্দ্র ভি ঘুগে এবং বিচারপতি তপোব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে। রাজ্যের অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল বিল্বদল ভট্টাচার্য সভার অনুমতি নিয়ে প্রশ্ন না তুললেও নির্দিষ্ট সভাস্থল নির্বাচন নিয়ে ঘোর আপত্তি জানান। আদালতে রাজ্যের যুক্তি, যে মাঠটিতে সভার অনুমতি দেওয়া হয়েছে, সেটি একটি সম্পূর্ণ ব্যক্তিগত সম্পত্তি এবং ঐতিহ্যবাহী ধর্মীয় কাজের জন্য ব্যবহৃত হয়। রাজ্য সরকারের প্রশ্ন, জমির মালিক যদি রাজনৈতিক সভার জন্য জমি ব্যবহারে সম্মতি না দেন, তবে সেক্ষেত্রে পুলিশের করণীয় কী থাকতে পারে? রাজ্য পুলিশ কোনো ব্যক্তিমালিকানাধীন জমি রাজনৈতিক কর্মসূচির জন্য ব্যবহারের নির্দেশ চাপিয়ে দিতে পারে না। তাই ওই স্থান নিয়ে নির্দেশিকার পরিবর্তন, পুলিশকে এই সংক্রান্ত দায় থেকে নিষ্কৃতি প্রদান অথবা বিকল্প কোনো সভাস্থলে কর্মসূচি সরানোর আবেদন জানায় রাজ্য।

অন্যদিকে, মাহেশের ওই জমির মালিকপক্ষও সরাসরি হাইকোর্টের দ্বারস্থ হন। তাদের আইনজীবীর বক্তব্য, এই মাঠটি মূলত শ্রীরামপুরের ঐতিহ্যবাহী রথের মেলা-সহ বিভিন্ন ধর্মীয় ও সাংস্কৃতিক অনুষ্ঠানে ব্যবহার করতে দেওয়া হয়। কিন্তু কোনো অবস্থাতেই বর্তমান পরিস্থিতিতে এই জমি রাজনৈতিক কর্মসূচির জন্য ছেড়ে দিতে তারা ইচ্ছুক নন। এদিন সব পক্ষের বক্তব্য শোনার পর প্রধান বিচারপতি রবীন্দ্র ভি ঘুগে পর্যবেক্ষণে জানান, রাজনৈতিক কর্মসূচি আয়োজনের ক্ষেত্রে সর্বাগ্রে সাধারণ মানুষের স্বাচ্ছন্দ্যের কথা বিচার করা উচিত। এমন কোনো স্থানে কর্মসূচি করা অনুচিত, যেখানে সাধারণ নাগরিকের ভোগান্তি হতে পারে। এই পরিস্থিতিতে তড়িঘড়ি কোনো চূড়ান্ত সিদ্ধান্ত না দিয়ে, প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ রাজ্য ও আয়োজক; উভয় পক্ষকেই পরস্পরের সঙ্গে আলোচনা করে একটি বিকল্প সভাস্থল বেছে নেওয়ার নির্দেশ দেওয়া হয়।

# স্বস্তি বিধাননগরে! এবার পুজোর মুখে নিয়ন্ত্রণে ডেঙ্গু

**নিজস্ব প্রতিবেদন, বিধাননগর:** পুজোর বাদ্যি বাজলেই অতীতে কপালে চিন্তার ভাঁজ পড়ত বিধাননগরবাসীর। কারণ উৎসবের এই মরশুমেই হু হু করে বাড়ে ডেঙ্গুর দাপট। জেলা থেকে শুরু করে একাধিক পুরসভার নিরিখে সংক্রমণের তালিকায় বারবার শীর্ষস্থানে উঠে এসেছে এই পুরনিগম। তবে এবার পুজোর মুখে দাঁড়িয়ে স্বস্তির নিঃশ্বাস ফেলছেন পুরকর্তা থেকে শুরু করে সাধারণ নাগরিকরা। পরিসংখ্যানে স্পষ্ট, গত বছরের তুলনায় চলতি বছরে ডেঙ্গু আক্রান্তের গ্রাফ একধাক্কায় নেমে এসেছে প্রায় চারগুণ।

পুরসভা সূত্রের খবর, গত বছর জানুয়ারি থেকে সেপ্টেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত যেখানে আক্রান্তের সংখ্যা ছিল ১৬০, সেখানে এবার সেই সংখ্যাটা মাত্র ৪২। সংক্রমণের এই নিম্নমুখী গ্রাফ বজায় রেখে আগামী বছর বিধাননগরকে পুরোপুরি ‘ডেঙ্গু মুক্ত’ করাই এখন একমাত্র লক্ষ্য পুর কর্তৃপক্ষের। রেকর্ড বলছে, ২০১৭ সালে বিধাননগরের ৪১টি ওয়ার্ড জুড়ে ডেঙ্গুতে আক্রান্ত হয়েছিলেন তিন হাজারের বেশি মানুষ। পরবর্তী কয়েক বছর পরিস্থিতি কিছুটা নিয়ন্ত্রণে থাকলেও ২০২২ সালে সমস্ত রেকর্ড ভেঙে আক্রান্তের সংখ্যা পৌঁছায় ৪,২২২-এ। ২০২৩ সালেও সেই ধারা বজায় রেখে আক্রান্ত হন ৩,৯৫৬ জন। পরপর দু’বছরের এই ভয়াবহ অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে ২০২৪ ও ২০২৫ সালের শুরু থেকেই অল-আউট অভিযানে নামে পুরনিগম। তারই সুফল মেলে পর পর দুই বছর। তথ্য বলছে, আক্রা ন্তের সংখ্যা ৫০০-র নিচেই বেঁধে রাখা সম্ভব হয় (২০২৪ সালে ৩৯০ এবং ২০২৫ সালে ৪৪০)। বর্তমানে রাজনৈতিক পালাবদলের জেরে পুরসভার বোর্ড ভেঙে প্রশাসক বসানো হয়েছে। অনেক কাউন্সিলরই এখন এলাকায় অনুপস্থিত। কিন্তু তা সত্ত্বেও ডেঙ্গু দমনে কোন ফাঁক রাখতে নারাজ পুর প্রশাসন। বাড়ি বাড়ি গিয়ে সমীক্ষা, জ্বরের তথ্য সংগ্রহ এবং সচেতনার বার্তা পৌঁছে দেওয়ার কাজ চলছে পুরোদমে। পুরকর্তাদের আশা, এই নজরদারি অব্যাহত থাকলে চলতি বছরের মোট আক্রান্তের সংখ্যা ২০২৪ সালের রেকর্ডকেও ছাপিয়ে অনেক নিচে নেমে আসবে।

# বন্ধুত্বের অজুহাতে ছাত্রীকে অপহরণ ধর্মতলার হোটেল থেকে উদ্ধার

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** সোশ্যাল মিডিয়ায় ‘বন্ধুত্বে’র অজুহাতে বিদেশে উচ্চশিক্ষা ও নিশ্চিত চাকরির টোপ! সেই প্রলোভনের ফাদে পা দিয়েই গৃহত্যাগ করে হাওড়ার এক নাবালিকা। এরপর তাকে কলকাতার ধর্মতলায় ডেকে এনে নিউ মার্কেটের একটি হোটেলে একা ‘বন্দি’ করে রাখা এবং ফোন হ্যাক করে পরিবারের কাছে ৩ লক্ষ টাকা মুক্তিপণ চাওয়ার অভিযোগ উঠল এক আন্ত্ন্সরাজ্য সাইবার অপরাধী চক্রের বিরুদ্ধে। ঘটনার তদন্তে নেমে তড়িঘড়ি তৎপর হয়ে নিউ মার্কেটের ওই হোটেল থেকে বুধবার রাতে একাদশ শ্রেণির ওই ছাত্রীকে উদ্ধার করে পুলিশ।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, অপহৃত নাবালিকার বাড়ি হাওড়ার জগৎবল্লভপুরের শংকরহাটি ২ নম্বর এলাকা। সম্প্রতি ইনস্টাগ্রামে তার সঙ্গে পরিচয় হয় এক অচেনা ব্যক্তির। শুরু হয় মেসেজ চালাচালি। অভিযোগ, নাবালিকাকে মিষ্টি কথায় ভুলিয়ে বিদেশে পড়াশোনা ও আকর্ষণীয় চাকরির আশ্বাস দেওয়া হয়। সেই ফাঁদে পা দিয়ে গত ৭ সেপ্টেম্বর পরিবারের অলক্ষে নিজের সমস্ত শিক্ষাগত ও পরিচয় সংক্রান্ত নথি সঙ্গে নিয়ে বাড়ি ছাড়ে ওই কিশোরী। সে সোজা চলে আসে ধর্মতলায়।

তদন্তকারীরা জানিয়েছেন, অপরাধীরা আগে থেকেই ধর্মতলায় একটি গাড়ি ভাড়া করে রেখেছিল। সেই গাড়িতে চেপেই কিশোরী পৌঁছয় নিউ মার্কেট এলাকার একটি হোটেলে। অপরাধীদের নির্দেশমতো হোটেলে একাই একটি ঘর ভাড়া নিয়ে ওঠে সে। এরপরেই শুরু হয় অপরাধীদের আসল খেলা। চতুর সাইবার দুষ্কৃতীরা দূর থেকেই প্রযুক্তি কাজে লাগিয়ে মেয়েটির



মোবাইল ফোনটি হ্যাক করে নেয়। এরপর সেই ফোন থেকেই পরিবারের কাছে ৩ লক্ষ টাকা মুক্তিপণ দাবি করা হয়। স্পষ্ট জানানো হয়, নির্দিষ্ট সময়ের মধ্যে টাকা না দিলে নাবালিকাকে খুন করা হবে। হঠাৎ-ই এমন খবরে আঁতকে ওঠে কিশোরীর পরিবার। গত ৭ সেপ্টেম্বরই জগৎবল্লভপুর থানায় একটি নিখোঁজ ডায়রি করা হয়। মুক্তিপণের ফোন আসামাত্রই বিষয়টি বিস্তারিতভাবে জানানো হয় পুলিশকে। পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে দ্রুত তদন্তে নামে হাওড়া গ্রামীণ জেলার পুলিশ, সাইবার সেল এবং রাজ্য পুলিশের চাইল্ড ওয়েলফেয়ার কমিটি। আধিকারিকরা অপহৃত নাবালিকার ফোন নম্বর এবং যে নম্বর থেকে মুক্তিপণের দাবি এসেছিল, তা আধুনিক প্রযুক্তির সাহায্যে ট্র্যাক করা শুরু করেন।

নম্বর ট্র্যাকিংয়ের মাধ্যমেই পুলিশ নিশ্চিত হয় যে কিশোরী নিউ মার্কেট থানা এলাকার একটি হোটেলের ঘরে রয়েছে। এরপরই বুধবার গভীর রাতে ওই হোটেলে অভিযান চালায় পুলিশের একটি যৌথ দল। হোটেল রুমের দরজা খুলে উদ্ধার করা হয় নাবালিকাকে। তবে সেই সময় ঘরে অপরাধীদের কাউকেই পাওয়া যায়নি। পুলিশ জানিয়েছে, মেয়েটিকে একপ্রকার মনস্তাত্ত্বিক বন্দি বানিয়ে রাখা হয়েছিল এবং তার ফোন ব্যবহার করেই এই তোলাবাজি চালাচ্ছিল দুষ্কৃতীরা। এই ঘটনায় হাওড়া জেলা গ্রামীণ পুলিশের সুপার অমিত ভার্মা জানিয়েছেন, ‘নাবালিকাকে সুরক্ষিত অবস্থায় উদ্ধার করা সম্ভব হয়েছে। উদ্ধারের পর বৃহস্পতিবার তাকে জুভেনাইল জাস্টিস বোর্ডে পেশ করা হয়। মেয়ে ফিরে আসায় পরিবারে স্বস্তি ফিরে এসেছে।’

প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, এই ঘটনার পেছনে একটি বিশাল আন্তরাজ্য অপরাধী চক্র সক্রিয় রয়েছে, যাদের মূল কাজই হলো সোশ্যাল মিডিয়াকে ব্যবহার করে নাবালিকা ও তরুণীদের টার্গেট করা। বিহার, উত্তর প্রদেশ কিংবা হরিয়ানা থেকেই এই চক্র পরিচালনা করা হচ্ছে বলে সন্দেহ তদন্তকারীদের। জড়িত অপরাধীদের বিরুদ্ধে অপহরণ, মুক্তিপণ দাবি এবং খুনের হুমকি-সহ একাধিক জামিনঅযোগ্য ধারায় মামলা রুজু করে তদন্তে জগৎবল্লভপুর থানার পুলিশ।



মিনিয়েচার দুর্গা। কুমোরটুলিতে অদিতি সাহার তোলা ছবি।

# খড়দায় আগ্নেয়াস্ত্র-সহ পুলিশের জালে কুখ্যাত দুষ্কৃতী বিষ্ণু সিং

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** আগ্নেয়াস্ত্র-সহ পুলিশের জালে এক কুখ্যাত দুষ্কৃতী। ধৃত বিষ্ণু সিং খড়দার ফাঁকি ঘাট এলাকার বাসিন্দা। বুধবার রাতে খড়দার কাচ্চি লাইন এলাকায় ঘোরাঘুরি করছিল বিষ্ণু। গোপন সূত্রে খবর পেয়ে, খড়দা থানার পুলিশ আচমকা হানা দিয়ে ওই দুষ্কৃতীকে পাকড়াও করেছে। পুলিশ ধৃতের কাছ থেকে একটি পিস্তল ও এক রাউন্ড কার্তুজ উদ্ধার করেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃত বিষ্ণুর বিরুদ্ধে ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের একাধিক বিভিন্ন অপরাধমূলক কাজের অভিযোগ রয়েছে। কিন্তু বেশ কিছুদিন ধরে অন্যত্র আত্মগোপন করেছিল কুখ্যাত এই দুষ্কৃতী। ধৃতকে



নিজেদের হেপাজতে নিয়ে পুলিশ অপরাধমূলক কাজের তদন্ত করবে।

# ‘হুমকি দিয়ে কংগ্রেসকে দমানো যাবে না’, মুখ্যমন্ত্রীর নির্দেশের বিরুদ্ধে ক্ষোভ শুভঙ্করের

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** বাগেশ্বর বাবার ছবি পুড়িয়ে বিক্ষোভে অংশ নেওয়া ব্যক্তিদের গ্রেপ্তারের নির্দেশ দেওয়ার পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে নিশানা করলেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। বৃহস্পতিবার সোশ্যাল মিডিয়ায় তিনি দাবি করেন, ভয় ও আতঙ্কের পরিবেশ তৈরি করে গণতান্ত্রিক প্রতিবাদের অধিকার কেড়ে নেওয়ার চেষ্টা হচ্ছে। বাগেশ্বর বাবা ধীরেন্দ্র শাস্ত্রীর মন্তব্যকে কেন্দ্র করে কয়েকদিন ধরেই রাজ্য রাজনীতিতে বিতর্ক চলছে। তাঁর বিরুদ্ধে বিভিন্ন থানায় এফআইআর দায়ের করার উদ্যোগ নেয় কংগ্রেস। ভবানীপুর থানার সামনে তাঁর ছবি পুড়িয়ে বিক্ষোভও দেখানো হয়।

বৃহস্পতিবার বিধানসভায় ‘পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় ও মহাবিদ্যালয় প্রশাসন ও নিয়ন্ত্রণ (সংশোধন) বিল, ২০২৬’ নিয়ে আলোচনার সময় সেই ঘটনার প্রসঙ্গ তোলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তিনি বলেন, আমাদের লিলুয়াতে একজন সন্ত এসেছিলেন। সন্তের মতোই তিনি দেশপ্রেম, রাষ্ট্রবাদ এবং অখণ্ড ভারতের কথা বলেছেন। ঐতিহ্য সংস্কৃতির কথা বলেছেন তাঁর মতো করে। যাঁরা গ্রহণ করার করবেন, যাঁরা করার নয় করবেন না। তিনি কারও উপর চাপিয়ে দিতে চাননি। আমি কতগুলো লোককে দেখলাম ভবানীপুর থানার সামনে ছবি পুড়িয়েছে। এখান থেকে সিপি-কে বলছি, ওই লোকগুলোকে অ্যারেস্ট করতে হবে। এর পরেই মুখ্যমন্ত্রীর ওই বক্তব্যের বিরুদ্ধে প্রতিক্রিয়া জানান শুভঙ্কর সরকার। কংগ্রেসের দীর্ঘ আন্দোলনের ইতিহাসের কথা তুলে ধরে তিনি লেখেন, ‘ভারতীয় জাতীয় কংগ্রেস তার জন্মলগ্ন থেকে আজ পর্যন্ত কখনোই কোনো অন্যায়ের কাছে মাথা নত করেনি। প্রতিবাদ-প্রতিরোধ-সংগ্রামের মধ্য দিয়েই কংগ্রেসের ইতিহাস তৈরি করেছে । বারে বারে কংগ্রেসের ওপর অত্যাচার নেমে এসেছে, দমন-পীড়ন হয়েছে, তবুও কংগ্রেস সৈনিকরা প্রতিবাদের পথ থেকে সরে যাননি।’ বাগেশ্বর বাবার বক্তব্যের বিরুদ্ধে প্রতিবাদে নামা কংগ্রেস কর্মীদের গ্রেপ্তারের হুমকি দেওয়া হচ্ছে বলেও অভিযোগ করেন প্রদেশ কংগ্রেস সভাপতি।

# বকেয়া বেতনের দাবিতে হালিশহর পুরসভায় সাফাই কর্মীদের বিক্ষোভ

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** বকেয়া বেতনের দাবিতে কাজ বন্ধ রেখে বৃহস্পতিবার হালিশহর পুরসভায় বিক্ষোভ দেখালেন সাফাই কর্মীরা। অভিযোগ, তিন মাস ধরে বেতন পাচ্ছেন না সাফাই কর্মীরা। ক্ষোভে তাঁরা কর্মবিরতির ডাক দিয়ে আন্দোলনে নামেন। যদিও এদিন বিক্ষোভকারীদের সঙ্গে সাক্ষাৎ করে বেতন মিটিয়ে দেওয়ার আশ্বাস দিয়েছেন হালিশহর পুরসভার প্রাক্তন পুরপ্রধান রাজু সাহানি। বিক্ষোভকারীরা জানান, দু’একদিনের মধ্যেই বকেয়া বেতন মিটিয়ে দেওয়ার আশ্বাস দিয়েছেন পুরসভা কর্তৃপক্ষ। তাই তাঁরা শুক্রবার কাজে যোগ দেবেন।



অপরদিকে হালিশহর পুরসভার প্রাক্তন পুরপ্রধান রাজু সাহানি বলেন, পুরসভায় এখনও প্রশাসক নিয়োগ হয়নি। এক্সিকিউটিভ অফিসার পুরসভা চালাচ্ছেন। কিছু সমস্যার জন্য সাফাই কর্মীদের বেতন বকেয়া হয়ে গিয়েছে। আশা করছি, শীঘ্রই সাফাই কর্মীদের বেতন মিটিয়ে দেওয়া হবে।

## সম্পাদকীয়

### ফিরুক উন্নয়ন, নতুন সরকারের কাছে এটাই প্রার্থনা পাহাড়বাসীর

দার্জিলিং তথা পাহাড়ে উন্নয়ন ফিরুক। আসুক পর্যটক। জমে উঠুক ব্যবসা, বাণিজ্য। এটাই প্রার্থনা পাহাড়বাসীর। রাজনীতি নয়, হিংসা নয়, শুধুই সুস্থ পরিবেশে ভালোভাবে বেঁচে থাকাটাই পাহাড়ের মানুষের একমাত্র চাহিদা। পূর্বতন সরকারের আমলে সম্পূর্ণ রাজনৈতিক কারণে বারবার অস্থির হয়েছে পাহাড়। রোজগার হারিয়েছেন মানুষ। জিটিএতে বারবার প্রশাসনিক পরিবর্তনের কারণে লাটে উঠেছিল কাজকর্ম। দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছিল অনীত থাপাদের জিটিএ। মুখ্যমন্ত্রী হয়েই পাহাড়ে গিয়ে জিটিএ-র আর্থিক দুর্নীতি নিয়ে হুঁশিয়ারি দিয়েছিলেন শুভেন্দু অধিকারী। আর সেটা যে ভিত্তিহীন ছিল না তার প্রমাণ অনীত থাপাদের পদত্যাগ। কিন্তু পাহাড়ের উন্নতিতে দায়বদ্ধ রাজ্যের বিজেপি সরকার তাই জিটিএ নিয়ে নতুন করে তৎপর হল। সেই লক্ষ্যে জিটিএ-র প্রশাসনে বড় পরিবর্তন আনল রাজ্য। চিফ এগজিকিউটিভ অনীত থাপা-সহ শীর্ষ পদাধিকারীদের পদত্যাগের পর দীর্ঘদিন ধরে তৈরি হওয়া প্রশাসনিক শূন্যতা কাটাতে জিটিএ-র প্রশাসক হিসেবে নিয়োগ করা হল অভিজ্ঞ ও দক্ষ আইএএস স্মৃতিরঞ্জন মহান্তিকে। বর্তমানে তিনি জিটিএ-র প্রিন্সিপাল সেক্রেটারি পদে ছিলেন। গত ১৭ জুন রাজ্যপালের কাছে পদত্যাগপত্র জমা দেন অনীত। ২৪ জুন সেই পদত্যাগপত্র গ্রহণ করেন রাজ্যপাল। অনীত থাপা ২০২২ সালে ভারতীয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চার তরফে জিটিএ-র চিফ এগজিকিউটিভের দায়িত্ব নিয়েছিলেন। তাঁর কার্যকালের এখনও প্রায় এক বছর বাকি ছিল। অনীত থাপার সঙ্গে জিটিএ-র চেয়ারম্যান এবং ডেপুটি চেয়ারম্যানও ইস্তফা দেন। ফলে পাহাড়ের দৈনন্দিন প্রশাসনিক কাজকর্ম ব্যাহত হচ্ছিল এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জটিলতা তৈরি হচ্ছিল। সেই পরিস্থিতি কাটাতেই প্রশাসক নিয়োগের সিদ্ধান্ত নিল সরকার। সরকারের আশা, নতুন প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে জিটিএ-র দৈনন্দিন কাজকর্মে গতি ফিরবে এবং পাহাড়ে উন্নয়নমূলক প্রকল্প ও প্রশাসনিক পরিষেবা স্বাভাবিক ছন্দে ফিরবে।

# মোদী@২৫, বদলাচ্ছে বাংলার সুর

## জন্মদিনে জনসংযোগের নতুন পরিকল্পনা রাজ্য বিজেপির

**কণাদ দাশগুপ্ত**



নরেন্দ্র মোদীর রাজনৈতিক সাফল্যকে শুধু নির্বাচনী জনপ্রিয়তার মাপকাঠিতে মাপলে তাঁর দীর্ঘ প্রশাসনিক যাত্রার সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায়টি আড়ালেই থেকে যায়। ২০০১ সালের ৭ অক্টোবর গুজরাতের মুখ্যমন্ত্রী হিসেবে প্রশাসনের শীর্ষে আসার পর ২০২৬-এ পা রাখছেন সেই যাত্রার পঁচিশতম বছরে। গুজরাতের মুখ্যমন্ত্রী হিসেবে প্রায় ১৩ বছর এবং প্রধানমন্ত্রী হিসেবে ১২ বছর, প্রশাসনের শীর্ষে এই দীর্ঘ অভিজ্ঞতা তাঁকে ভারতীয় রাজনীতিতে এক বিরল ধারাবাহিকতার অধিকারী করেছে। সেই প্রশাসনিক অভিজ্ঞতা, উন্নয়নমুখী কর্মসংস্কৃতি এবং ‘সেবা’র রাজনৈতিক দর্শনকেই এবার পশ্চিমবঙ্গের মাটিতে আরও গভীরভাবে পৌঁছে দিতে চাইছে বিজেপি। আর সেই পরিকল্পনার অন্যতম মুখ দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

নরেন্দ্র মোদীর রাজনৈতিক জীবনের সবচেয়ে উল্লেখযোগ্য দিকগুলির একটি তাঁর দীর্ঘ প্রশাসনিক অভিজ্ঞতা। রাজ্য ও কেন্দ্র মিলিয়ে প্রশাসনের শীর্ষে দীর্ঘ সময় থাকাটাই মোদীর রাজনৈতিক পরিচয়ের একটি গুরুত্বপূর্ণ ভিত্তি। সেই অভিজ্ঞতা ও প্রশাসনিক উত্তরাধিকারকে সামনে রেখেই পশ্চিমবঙ্গে এক মাসব্যাপী কর্মসূচির পরিকল্পনা করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এই কর্মসূচিকে শুধু রাজনৈতিক প্রচার নয়, ‘সেবা মাস’ হিসেবে মানুষের কাছে পৌঁছে দেওয়ার কথা বলেছেন। ১৭ সেপ্টেম্বর, মোদীর জন্মদিন থেকে ১৭ অক্টোবর পর্যন্ত বাংলায় চলবে ‘সেবা সংকল্প অভিযান’। প্রতিটি বুথে ২৫টি ‘আশীর্বাদ প্রদীপ’ প্রজ্বলন, ‘নমো সেবা গাথা’, তথ্যচিত্র ও থিম সং, ‘সেবা জ্যোতি যাত্রা’, বিজ্ঞানসভা, ছাত্রছাত্রীদের বিভিন্ন প্রতিযোগিতা এবং জনসংযোগ কর্মসূচির পরিকল্পনা রয়েছে। একই সঙ্গে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগীদের অভিজ্ঞতা তুলে ধরার উদ্যোগও নেওয়া হবে। অর্থাৎ জন্মদিনকে এক দিনের আনুষ্ঠানিকতা না রেখে এক মাসের রাজনৈতিক-সাংগঠনিক কর্মসূচিতে পরিণত করাই বিজেপির লক্ষ্য। এই পরিকল্পনার মধ্যে ব্যক্তিকেন্দ্রিক প্রচার যেমন রয়েছে, তেমনই রয়েছে একটি স্পষ্ট সাংগঠনিক উদ্দেশ্য। মোদীর ২৫ বছরের প্রশাসনিক যাত্রাকে বাংলার বুথস্তরে পৌঁছে দিয়ে বিজেপি চাইছে জাতীয় নেতৃত্বের সঙ্গে স্থানীয় সংগঠনের একটি প্রত্যক্ষ যোগ তৈরি করতে। ‘২৫’ সংখ্যাটিও সেই কারণে প্রতীকী, ২৫ বছর, ২৫ প্রদীপ, এবং ২৫ লক্ষ পরিবারের কাছে কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা পৌঁছনোর সাফল্যগাথা।

বাংলার রাজনৈতিক বাস্তবতায় এই উদ্যোগের তাৎপর্য আরও গভীর। ২০২৬-এর বিধানসভা নির্বাচনের পর বিজেপির সামনে এখন বিরোধী রাজনীতির প্রশ্ন নেই, রয়েছে সরকার পরিচালনার দায়। ফলে কেন্দ্রের মোদী সরকারের প্রশাসনিক রেকর্ডকে রাজ্যের নতুন সরকারের কাজের সঙ্গে কী ভাবে যুক্ত করা যায়, সেটি বিজেপির কাছে গুরুত্বপূর্ণ রাজনৈতিক প্রশ্ন। মোদীর দীর্ঘ প্রশাসনিক অভিজ্ঞতা সেই প্রচেষ্টায় একটি স্বাভাবিক রাজনৈতিক সম্পদ।

এখানে ‘সেবা সংকল্প অভিযান’-এর পরিকল্পিত পরিষেবা- কেন্দ্রিক কর্মসূচিগুলি বিশেষ গুরুত্বপূর্ণ। আয়ুষ্মান ভারত, প্রধানমন্ত্রী সূর্যঘর, পেনশন, নারী নিরাপত্তা, জল সংরক্ষণ, প্রতিবন্ধী সহায়তার মতো বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা পেতে মানুষকে সাহায্য করার জন্য শিবিরের পরিকল্পনা রয়েছে। এর অর্থ, ভোটের সময় প্রচারের বাইরে গিয়ে সরকারি প্রকল্পের সুবিধা নাগরিকের কাছে পৌঁছে দেওয়ার একটি সাংগঠনিক ভূমিকা তৈরি করা।

বাংলার রাজনীতিতে এই জায়গাটি একেবারেই নতুন নয়। দীর্ঘদিন ধরেই সরকারি পরিষেবা, স্থানীয় প্রশাসন এবং রাজনৈতিক সংগঠনের মধ্যে একটি ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। বহু ক্ষেত্রে স্থানীয় স্তরের রাজনৈতিক কর্মীরাই নাগরিক ও প্রশাসনের মধ্যবর্তী যোগাযোগের মাধ্যম হয়ে ওঠেন। বিজেপি যদি এই জায়গায় নিজেদের সাংগঠনিক উপস্থিতি তৈরি করতে পারে, তবে তার রাজনৈতিক প্রভাব জন্মদিনের কর্মসূচির সময়সীমার অনেক বাইরে যেতে পারে। তবে এখানেই বিজেপির সামনে কঠিন পরীক্ষাও রয়েছে। মানুষের কাছে সরকারি প্রকল্পের তথ্য পৌঁছে দেওয়া আর বাস্তবে সেই সুবিধা নিশ্চিত করা এক বিষয় নয়। ‘সেবা’কে যদি রাজনৈতিক স্লোগান থেকে প্রশাসনিক ফলাফলে নিয়ে যেতে হয়, তবে দ্রুত পরিষেবা, স্বচ্ছতা এবং নাগরিকের সমস্যার বাস্তব সমাধান জরুরি। বিশেষ করে রাজ্যে নতুন সরকার হিসেবে বিজেপির প্রতি মানুষের প্রত্যাশা এখন অনেক বেশি। ফলে দলের কর্মসূচির সাফল্য নির্ভর করবে শুধু কতগুলি সভা হল তার উপর নয়, কত জন মানুষের বাস্তব সমস্যার সমাধান হল তার উপরও।

কেন্দ্রীয় প্রকল্পের কৃতিত্ব নিয়েও বাংলায় দীর্ঘদিনের রাজনৈতিক বিতর্ক রয়েছে। কোন প্রকল্পের অর্থ কোথা থেকে এল, বাস্তবায়নে কার ভূমিকা কতটা, এই প্রশ্নে কেন্দ্র ও রাজ্যের মধ্যে রাজনৈতিক টানাপড়েন নতুন নয়। বিজেপি সুবিধাভোগীর অভিজ্ঞতাকে সামনে এনে এই বিতর্কের একটি সরল রাজনৈতিক উত্তর দিতে চাইছে। কিন্তু এই প্রচারের বিশ্বাসযোগ্যতা শেষ পর্যন্ত নির্ভর করবে তথ্যের স্বচ্ছতা এবং প্রকল্পের বাস্তব সুফলের উপর। আর একটি লক্ষ্য নতুন প্রজন্ম। বিজ্ঞানসভা, ছাত্রছাত্রীদের প্রতিযোগিতা, বক্তৃতা ও সাংস্কৃতিক কর্মসূচির মাধ্যমে মোদীর ২৫ বছরের প্রশাসনিক যাত্রাকে তরুণদের আলোচনার বিষয় করে তোলার চেষ্টা রয়েছে। এটি দীর্ঘমেয়াদি রাজনৈতিক বিনিয়োগও বটে। কারণ কোনও নেতার বর্তমান জনপ্রিয়তা এক জিনিস, আর তাঁকে একটি প্রশাসনিক যুগের প্রতীক হিসেবে প্রতিষ্ঠা করা অন্য জিনিস। এই প্রেক্ষাপটে ৮ সেপ্টেম্বর বরোদায় অনুষ্ঠিত ‘[illegible]’ অনুষ্ঠানটিও সমকালীন জনআগ্রহের একটি উল্লেখযোগ্য ছবি। বিনামূল্যের আসনের বুকিং এক ঘণ্টার মধ্যে পূর্ণ হয়ে যায় এবং ৪২ হাজারেরও বেশি মানুষ ওয়েটিং লিস্টে ছিলেন বলে রিপোর্টে প্রকাশ। অনুষ্ঠানে নাগরিক, পড়ুয়া, পেশাজীবী, উদ্যোক্তা ও শিল্পমহলের প্রতিনিধিরা অংশ নেন। পাশাপাশি ৩৫ হাজার কোটি টাকারও বেশি পরিকাঠামো প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। এই ঘটনা মোদীকে ঘিরে জনআগ্রহের একটি দৃষ্টান্ত হিসেবে বিজেপি অবশ্যই তুলে ধরতে পারে।

তবে বাংলার রাজনৈতিক পরিসরে এই উদ্যোগকে কেবল জনপ্রিয়তার উৎসব হিসেবে দেখলে তার আসল দিকটি ধরা পড়বে না। বিজেপি এখন এমন একটি সময়ের মধ্যে দাঁড়িয়ে, যখন তাকে একই সঙ্গে সরকার চালাতে এবং সংগঠন ধরে রাখতে হবে। সেই জায়গায় মোদীর ২৫ বছরের প্রশাসনিক অভিজ্ঞতাকে সামনে রেখে ‘সেবা সংকল্প অভিযান’ আসলে দলের কাছে একটি রাজনৈতিক সেতু, কেন্দ্রের নেতৃত্ব, রাজ্যের সরকার এবং বুথস্তরের সংগঠনের মধ্যে।

শমীক ভট্টাচার্যের নেতৃত্বে এই কর্মসূচির সাফল্য তাই শুধু জন্মদিনের ভিড় দিয়ে বিচারযোগ্য নয়। বিচার হবে আরও কঠিন মাপকাঠিতে, মানুষের সঙ্গে কতটা স্থায়ী যোগাযোগ তৈরি হল, সরকারি পরিষেবা কতটা সহজ হল এবং বিজেপি কতটা সফল ভাবে নিজের প্রশাসনিক ভাবমূর্তিকে বাংলার বাস্তব জীবনের সঙ্গে যুক্ত করতে পারল।

মোদীর ২৫ বছর শেষ পর্যন্ত একটি রাজনৈতিক স্মরণোৎসব হতে পারে, আবার প্রশাসনিক অভিজ্ঞতার একটি পরীক্ষাও হতে পারে। ১৭ সেপ্টেম্বর প্রদীপ জ্বলবে প্রতীক হিসেবে। কিন্তু সেই আলো কত দূর পৌঁছবে, তার উত্তর দেবে বাংলার মানুষ, প্রচারসভায় নয়, নিজের দৈনন্দিন জীবনের অভিজ্ঞতায়।

মোদীর পঁচিশ বছর তাই বাংলায় এবার কেবল অতীতের হিসাব নয়, এটি ভবিষ্যতেরও একটি রাজনৈতিক প্রশ্ন। দীর্ঘ প্রশাসনিক অভিজ্ঞতা, উন্নয়নকেন্দ্রিকতা এবং সিদ্ধান্ত বাস্তবায়নের যে মডেলকে বিজেপি এতদিন জাতীয় রাজনীতিতে তুলে ধরেছে, বাংলার মাটিতে তার কতটা প্রতিফলন ঘটানো যায়, সেটিই আসল পরীক্ষা। ১৭ সেপ্টেম্বরের প্রদীপ জ্বালানো সেই পরীক্ষার আনুষ্ঠানিক সূচনা মাত্র। আসল আলো জ্বলবে তখনই, যখন ‘সেবা’ আর রাজনৈতিক স্লোগান থাকবে না, মানুষের অভিজ্ঞতায় পরিণত হবে।

# রাইজ অফ হিন্দুজ — থ্যাংকস টু লোটাস

**বাবুল চট্টোপাধ্যায়**



সময় এসেছে। সাহসও। হিন্দু হিন্দু ভাই ভাই বলার। আগেও ছিল। কিন্তু সাহস ছিল না। এখন হয়েছে। সৌজন্যে সরকার। হ্যাঁ, গোবরে-ই পদ্ম ফোটে। অনেক সময় লেগে গেল। কিন্তু অবশেষে পদ্ম ফুটলো। কমল কি ফুল। যদি না হয় ফুল। তবে মুসলিম মহা ভুল। সাথে ছিল তোষণ। সরি,তোষণের রাজনীতি। মেকার --সুবিধাবাদী স্বার্থকামী কিছু মানুষ। না,তাদের কোনো জাত হয় না। অনেকটা উগ্রপন্থী এর মত। কিন্তু যখন উগ্রপন্থা একটা জাতে বেশি হয় তখন বুঝে নিতে হয় সেই জাতিই আসলে রাষ্ট্রদ্রোহী। আতঙ্কবাদ সরল না। আতঙ্কবাদিও বাড়ল। হ্যাঁ, আমি মুসলিমদের কথা বলছি। আমি জানি ভারত স্বাধীন হওয়ার আগে কিভাবে আমার উপর অত্যাচার হয়েছিল। ইয়েস, আমার উপর। মানে আমার রক্তের উপর। মানে, বাঙালির উপর। আরও ভালোভাবে বললে হিন্দুর উপর।

ওপার ওপার বলে কি কিছু আছে? অবিভক্ত বলে কথা! তবে কি বাংলাদেশে বরাবর অত্যাচার হবে! নোয়াখালী তোমার হলে আমার নয়? মুজিবর তোমার হলে আমারও। মার্ক্স,লেনিন আমার হলে তোমারও। তবে সময়ে সময়ও তোষণ ছিল। মানে যেমন ধরুন সিপি এম এর সময়। তারও তো অনেক পরে তৃণ। কংগ্রেস পারেনি বলে সিপিএম ও পারবে না তা তো হতে পারে না। মানে হিন্দু বাঁচাও। কিন্তু হিন্দু তো পারে না। আরে যদি নাই পারে তবে ৪৬ এ যখন হিন্দু অত্যাচার হচ্ছিল তখন কেন কোনো এক গোপাল চন্দ্র ব্যানার্জির জন্যে মহাত্মা গান্ধীকে বেলেঘাটা ছুটে চলে আসতে হয়েছিল? আপনি জানতে চাইবেন না কেনো আমার রক্ত পেচ্ছাপ নয় --সেটা বুঝতে। ‘হিন্দু ‘ সেদিন জেগেছিল। প্রায় ১৬ হাজার মানুষ সেই আন্দোলন এ সামিল হয়েছিল। মহাত্মা গান্ধীকেও সেদিন অস্ত্র ছাড়ার অনুরোধ করতে হয়েছিল ওই হিন্দু নেতার কাছে। সেদিন ছিল হিন্দুই সংখ্যালঘু। কাকে বলে প্রতিবাদ সেদিন দেখিয়েছিল হিন্দু। তবে কেনো অতি সহজে সেই ফ্লো হারিয়ে গেলো?


কংগ্রেস চলে গেলো। কলকাতার লোভ তখন অনেকেরই। কারণ এই শহর বাণিজ্য নগরী। অন্যদিকে জাতিসত্ত্বা আছে বাঙালির। বাঙালি আরো বড় হলো। সে প্রতিষ্ঠা করলো হিন্দু বলয়। এরপর বহু ইতিহাস। ততক্ষণে চলে এসেছে কিন্তু কি করে তা সম্ভব? সহযোগী চাই। অনেক জন গোপাল চন্দ্র ব্যানার্জি চাই। কিছু পেল। যার আরো ও দেওয়ার ছিল। আমরাও পারলাম কই ? তাকে সম্মান দিচ্ছি তো হালে। পদ্ম আসার পর। এর আগে ভুলিয়ে রাখা হয়েছিল। ইতিহাস তেমন লেখা হয় নি। যেমন করে হিন্দু-নিধন কে জাস্ট শুইয়ে রাখা হয়েছিল বলে চালানো হয়। যেমন করে তখন সংখ্যালঘু হিসাবে হিন্দুকে বাইরে না আসার একটা বাধ্য প্রচেষ্টা করা হয়েছিল। প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু পারেননি না করেননি--জানি না। তবে সেই হিন্দু ভক্তির উল্লাস তেমন দেখা যায় নি। তুমি কিভাবে জাতি গোষ্ঠী সম্প্রদায় সৃষ্টি কারো জানি না। তবে কিভাবে মেহনতি মানুষের পক্ষে তা স্পষ্ট নয়। প্রশ্ন তুমি কার?

এরপর হলো ছারখার। মানে, তৃণের সরকার। অনেক এমন কিছু করেছে যা ছিল না দরকার। অত কথায় যাবো না। যাব না তোমার কিসে পেট ভরে, তোমার কত খিদে, তুমি রাহু কিনা সেই সব প্রশ্নে। প্রাসঙ্গিক প্রশ্ন হলো তুমি হিন্দু কিনা! ওই কথায় কথায় ‘আমরা একই বৃন্তে দুটি কুসুম হিন্দু মুসলমান ‘ — শুনতে ভালো লাগে। তবে কাজে লাগলো কই। কবি নজরুলের ভাবধারা কি অক্ষুন্ন রাখতে পারলে! উত্তর - না, পারলো না। এখানে তৃণ পুরো জিরো। এটা ওরাও জানে। বাট মানে না। কারণ স্বার্থান্বেষী সুবিধাবাদী মানুষের সংখ্যা বেশি। সুতরাং তাদের কোন চিন্তাভাবনার অবকাশ নেই। সুতরাং সেই একই দাঁড়ালো--- একদিকে ‘লাঠি যার মাটি তার ‘এই প্রবাদ অন্যদিকে মেহনতি মানুষের পক্ষে, শ্রমজীবী মানুষের পক্ষে-- এই অন্তঃসার শূন্য বাক্য বুলি। সেই একই ধারা বয়ে আঁচড়ে পড়ল একেবারে সুনামির আকারে। সুতরাং রেজাল্ট সেই একই। ভুল হলো---যা আরো ভয়ঙ্কর।

তবে বোধহয় এবার সেই খড়া কাটলো। হিন্দু বলয় বুঝিয়ে দিল যে আমরাও বেঁচে আছি। মারের বদলে মার। আমরা জানি সাম্প্রদায়িক উস্কানিতে কোন ভাবেই প্রশ্রয় দেওয়া যাবে না। হিন্দু বাঁচাতে হবে। হিন্দু জাগাতে হবে। হয়তো এখানে অনেকে ভুল বুঝবেন -- তবে কি হিন্দু জেগে নেই ? জাগা এবং সু-চিত্তে, সু - চিন্তায় জাগা তে অনেকটা ফারাক। অনেক হয়েছে,আর নয়। সমস্ত তোষণ বন্ধ করতে হবে। এই মর্মে বাঁচাতে হবে, এই লক্ষ্যে জাগতে হবে যে --হিন্দু হিন্দু ভাই ভাই। হয়তো বুঝতে অনেকটা দেরি হয়ে গেল। কিন্তু জাগ্রত হলো সেই স্পর্ধা,সেই সাহস, সেই মাথা উঁচু করে বলার সাহস যেখানে আমার বন্দেমাতরম লাল কেল্লার উঁচুতে নিয়ে গিয়ে অনেক কিছু দেখতে শেখায়। এই ভারতবর্ষের আলো, রোদ,বাতাস অনুভব করতে শেখায়। আমাকে আমার মত বাঁচার মন্ত্রে বাঁচতে শেখায়। আমাকে জীবনের জয়গানে একটা অনন্য গতি বা সাহস দিতে শেখায়। বুঝতে শেখায় আমি হিন্দু। তাই — (We or us thanks to lotus) উই ওর আস থ্যাংকস টু লোটাস।

### শব্দছক ২৬৬

রবি দাস



**পাশাপাশি:** ১. তফাৎ ৩. বাধাবিপত্তি ৪. সরবতে দেয় মিষ্টি তরল ৫. টক ও কষাটে স্বাদের চাটনীর আনাজ ৭. বৃক্ষ ১০. নতুন ১২. অনেক লোকজনের গোষ্ঠী ১৪. যে আনাজের খোলা দিয়ে চাটনী হয় ১৫. সামাল দিতে পারে না যে ২৬. নুন

**ওপর-নিচ:** ১. ক্রমাগত ২. রসজ্ঞান আছে যার ৩. ক্ষতিসাধন ৬. নৃপতি ৮. সঙ্গে থাকা ছোট বস্ত্র টুকরো ৯. অবস্থা ১১. শক্তিশালী ১৩. দুয়ার সমুখোর উন্মুক্ত ছোট অঞ্চল

**সমাধান ২৬৫ — পাশাপাশি:** ১. গুরুপাক ৪. বিকাল ৬. নটি ৭. পরম ৯. পটগুলটিশ ১১. চপল ১৪. আলোক ১৬. জবরদখল ১৯. হালত ২০. দাপ ২১. ময়লা ২২. মহাশয়

**ওপর-নিচ:** ১. গুণসূচ ২. রুটি ৩. কপট ৪. বিমল ৫. লঙ্কেশ ৮. রগুড়ে ৯. পল ১০. টিকালো ১২. পল্লব ১৩. বাদল ১৪. আল ১৫. কতিপয় ১৬. জখম ১৭. রহালা ১৮. খতম ২৩. দাশ

### আজকের দিন

■ ২০০১ — ইসলামি চরমপন্থী গোষ্ঠী আল-কায়েদার সাথে যুক্ত উনিশজন জঙ্গি চারটি বাণিজ্যিক বিমান ছিনতাই করে নিউ ইয়র্ক শহরের টুইন টাওয়ারে দুটি বিমান আঘাত হানার ফলে সেগুলো ধসে পড়ে। হামলা ও উদ্ধার অভিযান চলাকালে প্রায় ৩,০০০ মানুষ নিহত হন।



### জন্মদিন



১৯১১ *বিশিষ্ট ক্রিকেট খেলোয়াড় লালা অমরনাথের জন্মদিন।*

১৯৫০ *বিশিষ্ট আরএসএস নেতা মোহন ভাগবতের জন্মদিন।*

১৯৭৬ *বিশিষ্ট ক্রিকেট খেলোয়াড় মুরলী কার্তিকের জন্মদিন।*

মোহন ভাগবত

### মননের আলো

*অধ্যাপক স্বপন কুমার মণ্ডল*

যে কাঁদতে পারে তার চেয়ে যে তা পারে না, তার কষ্ট অনেক বেশি। কান্নার জলে অনেকেই দুঃখ মুছে ফেলে। আর যে তা পারে না, তার সেই জল জমে ভারী হয়ে ওঠে, দুঃখ তাকে আজীবন কষ্ট দেয়।

### কোট-আনকোট



বিরোধীরা বলছেন শিক্ষায় গেরুয়াকরণের চেষ্টা হচ্ছে। কিন্তু এই শব্দবন্ধ নিয়ে আপত্তি রয়েছে। আমরা এটা করব না। সিপিএম অনিলায়ন করেছিল। মমতা মমতায়ন করেছিল। আমরা তা করব না।

*যাদবপুর প্রসঙ্গে শুভেন্দু অধিকারী, মুখ্যমন্ত্রী*

### লেখা পাঠান

সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।

email : dailyekdin1@gmail.com



একদিন বায়োস্কোপ

শুক্রবার • ১১ সেপ্টেম্বর ২০২৬ • পেজ ৮



# ভিন্ন সময়রেখার প্রশংসিত এবং বিতর্কিত নাটকের গল্পে বড় পর্দায় সৃজিত মুখার্জি

## উইঙ্কল টুইঙ্কল








সৌমিত্র চট্টোপাধ্যায়

হ্যালির ধূমকেতুর মতোই ফিরে এলেন সব্যসাচী সেন, হ্যাঁ 'উইঙ্কল-টুইঙ্কল' নামে বিতর্কিত সেই নাটকের বিপ্লবী কমরেড সব্যসাচী সেনের কথাই বলছি। সেই যে ভারতবর্ষে শেষবারের মত জারি হওয়া জরুরি অবস্থা-সালটা বোধ হয় ১৯৭৫ থেকে ১৯৭৭ এর মাঝামাঝি সময়, ঠিক সেই সময় একরকম হারিয়েই গিয়েছিলেন আদ্যোপান্ত কমিউনিজমের আদর্শে অনুপ্রাণিত কমরেড সব্যসাচী সেন। রাজ্যে ১৯৭৭ সালে বামফ্রন্টের সরকার তৈরি হলেও কোনরকম খোঁজ মেলেনি এই লড়াকু বামপন্থী কর্মীর। ধরে নেওয়া যেতেই পারে তিনি মৃত, কারণ সেই সময় পুলিশ যেভাবে তাকে ধাওয়া করে গুলি চালিয়েছিল, সেক্ষেত্রে তার মৃত্যু হওয়াটা অস্বাভাবিক কোন বিষয় ছিল না। এক্ষেত্রেও ঠিক তাই ঘটেছিল, পরিবার এবং ঘনিষ্ঠ মানুষজন ধরেই নিয়েছিলেন কমরেড সব্যসাচী সেন আর বেঁচে নেই। কিন্তু দ্বন্দ্বের শুরু ঠিক তখনই, যখন ১৯৭৬ মাথায় নিয়ে হারিয়ে যাওয়া কমরেড সব্যসাচী সেন ২৬ বছর পর ২০০২ সালে একেবারে সশরীরে আবারও ফিরে এলেন।ফিরে এলেন নিজের অঞ্চলে, নিজের পাড়ায়,নিজের পরিবারে। ফিরে এসে দেখলেন বদলে গেছে-সবকিছুই কেমন যেন বদলে গেছে। বদলে গেছে সমাজ,বদলে গেছে আদর্শ,বদলে গেছে চিন্তা চেতনা,বদলে গেছে তার পরিবার। আজীবন বামপন্থার মতাদর্শে দীক্ষিত মানুষটি, যিনি মনে প্রাণে বিশ্বাস করেন, পৃথিবীতে যতদিন দারিদ্র আছে, বৈষম্য আছে ঠিক ততদিন এই কমিউনিজমের মতবাদের প্রাসঙ্গিকতা থাকবে। তার সেই বিশ্বাসে আঘাত হানে রাজ্যে পরিবর্তনের হাওয়ার পক্ষে থাকা রাজনৈতিক দল করা তারই নিজের ছেলে ইন্দ্র। মস্কোর ক্রেমলিন দুর্গের লাল পতাকা আর পতপত করে ওড়ে না, সোভিয়েত ইউনিয়ন আর অখন্ড নেই এই কথাগুলিকে বিশ্বাস করতে পারেন না কমরেড সব্যসাচী সেন। তিনি এখনো বিশ্বাস করেন দেশের বর্তমান প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী, রাষ্ট্রপতি ফখরুদ্দিন আলী আহমেদ এবং রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শংকর রায়, অর্থমন্ত্রী শংকর ঘোষ। শচীন নামে তিনি একজনকেই চেনেন, তিনি প্রখ্যাত সঙ্গীতজ্ঞ শচীন দেব বর্মন। বিশ্বায়নের অর্থনীতির কোন মানেই বোঝেন না তিনি। সমাজবাদের পক্ষে মানব মুক্তির জন্য যে বিপ্লব করতে গিয়ে, তাকে এক সময় জেলবন্দী থাকতে হয়েছিল, সেই বিপ্লব আজ প্রায় অপ্রাসঙ্গিক, মানুষ এখন প্রচলিত সিস্টেমের সাথে অনেক বেশি বেশি করে মানিয়ে নিয়ে সুখী থাকতে ব্যস্ত। সমাজবাদ আজ অনেকটাই পিছিয়ে পড়েছে ভোগবাদের বিরুদ্ধে লড়াইয়ে।সব্যসাচী সেনের স্ত্রী কমরেড রাজলক্ষ্মী বদলে না গেলেও আজ অনেকটাই বুড়িয়ে গেছে, চোখের দৃষ্টি ঝাপসা। মেয়ে অনেকটাই দ্বিধাগ্রস্থ, ছেলে ইন্দ্র রাজ্যে পরিবর্তনের হাওয়া তোলা কংগ্রেসের অংশবিশেষ থেকে তৈরি হওয়া নতুন দলে নাম লেখানো এবং করে খাওয়ার পক্ষে থাকা এক নব্যযুবক। স্বাভাবিকভাবেই সে মেনে নিতে পারেনা, সারা জীবন কমিউনিজমের আদর্শকে বুকে সযত্নে লালন করা তার বাবার এই আকস্মিক প্রত্যাবর্তন। এরপর চিত্রনাট্যে জাঁকিয়ে বসে চরম মানসিক অন্তর্দ্বন্দ্ব এবং নিজের ছেলে ও একসময়ের সহযোদ্ধাদের সঙ্গে সব্যসাচী সেনের মতবিরোধ। সংঘাত শুরু হয় ১৯৭৬ এর সঙ্গে ২০০২ এর। মূল গল্পটি লিখেছিলেন নাট্যকার ব্রাত্য বসু। দেবেশ চট্টোপাধ্যায়ের নির্দেশনায় 'উইঙ্কল-টুইঙ্কল' নাটকটি বহুবার মঞ্চস্থ হয় এবং জাতীয় নাট্য উৎসবে যথেষ্ট প্রশংসাও পায়। নাটকটি কে নিয়ে বিতর্কও চলে বহু ক্ষেত্রে, কিন্তু সে তো সেই ২০০২ সালের বিষয়। বর্তমানে সেই নাটকটির নাম অপরিবর্তিত রেখে এবং গল্পের মূল বিষয়বস্তুকে একই রেখে এবং কিছু চলচ্চিত্রপযোগী পরিবর্তন করে নতুন করে চিত্রনাট্য লিখেছেন সৃজিত মুখার্জি এবং পদ্মনাভ দাশগুপ্ত। গত চৌঠা সেপ্টেম্বর ২০২৬ বড় পর্দায় মুক্তি পেয়েছে সৃজিত মুখার্জির পরিচালনায় 'উইঙ্কল-টুইঙ্কল' ছবিটি। ছবির নাম ভূমিকায় অর্থাৎ কমরেড সব্যসাচী সেনের ভূমিকায় অভিনয় করেছেন ঋত্বিক চক্রবর্তী। অভিনেতার অসম্ভব পারদর্শিতা এবং অভিনয় দক্ষতা দিয়ে চরিত্রের মধ্যে ঢুকে গিয়ে, নিজেই সেই চরিত্রটি হয়ে ওঠার যে দুরুহ কাজ তা তিনি অনায়াসেই সাবলীলভাবে আবারও ফুটিয়ে তুলেছেন এই ছবিতেও। একেই বোধহয় বলা হয় চরিত্র যাপন। ঠিক একজন জাদুকরের মতই এই কাজটি তিনি সম্পন্ন করেছেন। তার সঙ্গে যোগ্য সঙ্গতে আপ্রাণ চেষ্টা করেও, অনেকটাই ম্রিয়মাণ লেগেছে সব্যসাচী সেনের ছেলে ইন্দ্রের ভূমিকায় পরমব্রত চট্টোপাধ্যায়ের পারফরমেন্স কে। পরমপত্র চট্টোপাধ্যায়ও একজন যথেষ্ট ভালো অভিনেতা হওয়া সত্ত্বেও ঋত্বিক চক্রবর্তীর সঙ্গে তুলনামূলক ভাবে পারফরমেন্সের দিক থেকে এই কথা অবশ্যই বলা যায়। স্ত্রী রাজলক্ষ্মীর চরিত্রে অনুসূয়া মজুমদার স্বাভাবিক এবং সাবলীল। একই ফ্রেমে যৌথ অভিনয়ের দৃশ্যগুলিতে ঋত্বিক চক্রবর্তী সঙ্গে তার পারফরমেন্সও অসাধারণ। চিত্রনাট্যের ফ্ল্যাশব্যাকে যুবতী রাজলক্ষ্মীর চরিত্রে সোহিনী সরকারও যথাযথ। সব্যসাচী সেনের মেয়ের ভূমিকায় সাবলীল অভিনয় করেছেন অঙ্গনা রায়। দেবেশ চট্টোপাধ্যায় এবং ও রজতাভ দত্ত এই দুই শিল্পী মূল নাটকটির সঙ্গে যুক্ত ছিলেন, তারা এখানেও এই ছবিতেও আছেন, ভিন্ন রূপে ভিন্ন দায়িত্বে তারাও যথাযথ এবং সচ্ছন্দ। তবে এই ছবি মূলত ঋত্বিকময়,বস্তুত ঋত্বিকময় হয়েই থেকে গেছে। নাটক তো মূলত সংলাপ নির্ভর হয়েই সৃষ্টি হয়, আর সেই নাটক থেকে যখন চলচ্চিত্র নির্মাণের ভাবনা আসে, তখন নাটকের মূল থিম কে বজায় রেখে সংলাপ গুলিকে আরও ক্ষুরধার এবং সময়োপযোগী করে তুলতে যথেষ্ট মুন্সিয়ানার প্রয়োজন। এক্ষেত্রে ছবিটির চিত্রনাট্য এবং সংলাপ লিখে অত্যন্ত পারদর্শিতার সাথে সেই দুরূহ কাজটি সম্পাদন করেছেন ছবির পরিচালক সৃজিত মুখার্জি এবং পদ্মনাভ দাসগুপ্ত। ছবিতে ভিন্ন টাইমলাইনের উপর কাজ করা পরিচালক সৃজিত মুখার্জির রীতিমতো অভ্যাসে পরিণত হয়েছে। ছবির ভিন্ন টাইমলাইনের চলচ্চিত্রোপযোগী দৃশ্যায়নের ক্ষেত্রে, এ ছবির সিনেমাটোগ্রাফার ইন্দ্রনাথ মারিক এবং কালারিস্ট দেবজ্যোতি ঘোষের কাজ অসাধারণ। প্রবুদ্ধ ব্যানার্জীর আবহ বিতর্কিত নাটকের এই ছবিকে যথেষ্ট সমৃদ্ধ করেছে। এই ছবির জন্য সংগীত করেছেন তমালিকা গোলদার। ফ্রেন্ডস কমিউনিকেশন এবং রাজশ্রী প্রোডাকশন এর ব্যানারে ছবিটি বড়পর্দায় মুক্তি পেয়েছে।







## মহানায়ক!

# শতবর্ষেও অমলিন ম্যাজিক



দেবাঞ্জন

বাঙালির ড্রয়িংরুমের আড্ডা হোক বা কফি হাউসের তুমুল তর্ক; একটি নাম আজও যেকোনো প্রজন্মের কাছে এক অমোঘ জাদুমন্ত্রের মতো কাজ করে। তিনি অরুণকুমার চট্টোপাধ্যায়, আপামর বাঙালির চিরন্তন 'মহানায়ক' উত্তম কুমার। ৩ সেপ্টেম্বর তাঁর জন্মশতবর্ষে পদার্পণ করেছে বাংলা চলচ্চিত্র জগৎ। কিন্তু আশ্চর্যের বিষয় হলো, সময়ের কাঁটা ১০০ বছর পেরিয়ে গেলেও বাঙালির মননে আজও তাঁর সেই ভুবনভোলানো হাসি, রোমান্টিক চাহনি আর আভিজাত্যে মোড়া ব্যক্তিত্বের রাজত্ব বিন্দুমাত্র ম্লান হয়নি। সাদাকালো যুগে বাংলা সিনেমার যে সুবর্ণ অধ্যায় রচিত হয়েছিল, তার অবিসংবাদিত সম্রাট ছিলেন উত্তম। সুচিত্রা সেনের সঙ্গে তাঁর জুটি আজও সেলুলয়েডের ইতিহাসে রোমান্সের শেষ কথা। 'সপ্তপদী', 'হারানো সুর' বা 'পথে হল দেরি'-র মতো ছবিতে তাঁদের সেই রসায়ন আজও বাঙালির প্রেম নিবেদনের চূড়ান্ত ব্যাকরণ। তবে উত্তম কুমার কেবল একজন রোমান্টিক 'ম্যাটিনি আইডল'-এর ফ্রেমে বন্দি ছিলেন না। সত্যজিৎ রায়ের মতো কিংবদন্তি পরিচালক তাঁর অসীম সম্ভাবনাকে নিখুঁতভাবে পর্দায় তুলে ধরেছিলেন 'নায়ক' এবং 'চিড়িয়াখানা'-র মতো ছবিতে। একজন আদ্যোপান্ত তারকার গ্ল্যামারাস খোলস ছেড়ে বেরিয়ে অরিন্দম মুখোপাধ্যায় বা ব্যোমকেশ বক্সীর মতো জটিল মনস্তাত্ত্বিক চরিত্রে তিনি যে পরিমিত অভিনয় দক্ষতার ছাপ রেখেছিলেন, তা আজও ভারতীয় চলচ্চিত্রে আক্ষরিক অর্থেই পাঠ্য। শুধু রোমান্স বা থ্রিলার নয়, 'অ্যান্টনি ফিরিঙ্গি', 'স্ত্রী' কিংবা 'বাঘবন্দী খেলা'-র মতো ছবিতে একেবারে ভিন্ন মেরুর চরিত্রেও তিনি নিজেকে ভেঙেচুরে নতুন করে গড়েছেন। আভিজাত্য, ফ্যাশন সেন্স এবং সহজাত অভিনয় ক্ষমতার এমন দুর্লভ সংমিশ্রণ বাংলা সিনেমায় আর দ্বিতীয়টি আসেনি। প্রযুক্তি বদলেছে, সিঙ্গল স্ক্রিনের জায়গা নিয়েছে মাল্টিপ্লেক্স আর ওটিটির স্মার্ট পর্দা। কিন্তু বাঙালির রোমান্টিসিজমের যে ক্যানভাস উত্তম কুমার নিজের হাতে রাঙিয়ে দিয়ে গিয়েছিলেন, তা আজও অমলিন। জন্মশতবর্ষের এই আবেগঘন সন্ধিক্ষণে দাঁড়িয়ে তাই নির্দ্বিধায় বলা যায়; উত্তম কুমার শুধু অতীতের ধুলোমাখা নস্টালজিয়া নন, তিনি বাঙালির সংস্কৃতির এক চিরস্থায়ী এবং জীবন্ত বর্তমান। শতবর্ষ পেরিয়েও তিনি আমাদের এক এবং অদ্বিতীয় মহানায়ক।

# খোলা হাওয়া আর কাজল চোখে মিশে থাকুক রবীন্দ্রনাথের আভিজাত্য

শুভজিৎ বসাক




সময়ের প্রেক্ষাপটকে চিনতে এবং তার অন্তর্নিহিত সুরকে অনুভব করতে পারাটা পরম জরুরি। ইতিহাস ও ঐতিহ্য নিঃসন্দেহে আমাদের মূল ভিত্তি, কিন্তু নতুন সময়ের জোয়ারে সেই ঐতিহ্যকে মেলাতে না পারলে সময়ের স্বাভাবিক নিয়মেই তা ধূলিমলিন হয়ে যায়। এই নতুন সময়টি মূলত বর্তমান যুবসমাজ ও শিক্ষার্থীদের। প্রবীণ প্রজন্মের দিকনির্দেশনা যেমন তাদের প্রয়োজন, তেমনই নিজস্ব দৃষ্টিভঙ্গি ও আধুনিকতার নিজস্ব ছন্দে জীবনকে পরিচালনা করার অধিকারও তাদের রয়েছে। নতুন প্রজন্মের এই চাওয়াকে অস্বীকার করলে সুমেরীয় সভ্যতার মতো আজকের আধুনিক সভ্যতাও যে কালের গর্ভে বিলীন হয়ে যাবে, সে বিষয়ে কোনো সন্দেহ নেই।

এই সত্যটি হয়তো এত স্পষ্টভাবে অনুধাবন করা যেত না, যদি না বছর দুয়েক আগে বাংলাদেশে ছাত্র আন্দোলনের মধ্য দিয়ে তৎকালীন শাসনতন্ত্রের পতন ঘটত। সেই আন্দোলনের তরঙ্গ এসে পড়েছিল ভারত-বাংলাদেশের রাজনৈতিক ও সামাজিক সম্পর্কের ওপরও। ইতিহাসের দিকে তাকালে দেখা যায়, ১৯০৫ সালে লর্ড কার্জনের বঙ্গভঙ্গের কুবুদ্ধি যদি ভারত বর্ষের সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট না করত, তবে হয়তো এই ভূখণ্ডকে বারবার খণ্ডিত হতে হতো না।

ইতিহাসের সেই গুরুগম্ভীর আলোচনা থেকে বর্তমানে ফেরা যাক। যখন বাংলাদেশে ছাত্র আন্দোলন বিশ্বজুড়ে তোলপাড় সৃষ্টি করল, তখন সভ্য সমাজ বাকরুদ্ধ হয়ে দেখেছিল আন্দোলনকে আড়াল করে কীভাবে একদল চরমপন্থীর আক্রোশ গিয়ে পড়ল রবীন্দ্রনাথ ঠাকুরের ওপর। কবিগুরুকে স্বশরীরে না পেয়ে বাংলাদেশের বিভিন্ন স্থানে স্থাপিত তাঁর ভাস্কর্য ভাঙচুর করা হলো। অত্যন্ত সংকীর্ণ মানসিকতা থেকে তাঁকে কেবল 'ভারতের কবি' হিসেবে চিহ্নিত করার অপচেষ্টা চলল। আক্ষেপের বিষয় এটাই যে, বিশ্ববাসী যে বরেণ্য ব্যক্তিত্বকে 'বিশ্বকবি'র আসনে বসিয়েছে, তাঁকে কীভাবে কেবল একটি ভৌগোলিক সীমানায় আবদ্ধ করা যায়! কেবল তাঁর প্রতিমাতেই আঘাত করা হয়নি, বাংলা ভাষায় তাঁর অমর সৃষ্টিকে অবমাননা করে জাতীয় সংগীত বদলে ফেলার দাবিও তোলা হয়েছিল।

তবে সময়ের চাকা থেমে থাকে না। সেই উত্তাল পরিস্থিতি আজ অনেকটাই থিতু হয়েছে। বাংলাদেশের সংস্কৃতিতে বাংলা ভাষার ওপর যে অগাধ অধিকার এবং মুদ্রণ থেকে নাট্যকলা; সংস্কৃতির প্রতিটি ক্ষেত্রে তাদের যে নিত্যনতুন স্বকীয় প্রকাশ, তা সত্যিই ঈর্ষণীয়। তাদের সমৃদ্ধ শব্দভাণ্ডার শুনলে মনে হয়, যে বাংলা ভাষা হারিয়ে যাচ্ছে বলে আমরা এপার বাংলায় আক্ষেপ করি, তা সেখানে আজও অক্ষত ও উদীয়মান। তবে ওই অস্থির সময়ে শিল্পীরা তাঁদের সৃজনশীলতায় কিছুটা সাবধানী পদক্ষেপ নিতে বাধ্য হয়েছিলেন। সম্প্রতি সে দেশের একটি নাটকে মাহতিম শাকিব ও রুমি রুসার কণ্ঠে ব্যবহৃত রবীন্দ্রনাথের 'তোমার খোলা হাওয়া' গানটির আধুনিক উপস্থাপন আমাদের পুনরায় আশান্বিত করে। এই গানটি কেবল আবেগের সঞ্চার করে না, বরং ওপার বাংলার পরিবর্তিত ও স্থিতিশীল সাংস্কৃতিক রূপটিকে প্রকাশ করে প্রমাণ করে দেয়; রবীন্দ্রনাথ তাঁর নিজের বঙ্গভূমিতে আজও স্বমহিমায় অমলিন। সীমানা দিয়ে রাজনৈতিকভাবে বঙ্গভূমিকে টুকরো করা গেলেও, বিস্তৃত এই বাংলায় রবীন্দ্রনাথকে অস্বীকার করা চরম অবোধের কাজ ছাড়া কিছু নয়। তাঁর সমস্ত সৃষ্টি এই বাংলার ধূলিকণায় মিশে আছে। রবীন্দ্রনাথ ঠাকুর যে সুদূরপ্রসারী দূরদৃষ্টিসম্পন্ন ব্যক্তিত্বের অধিকারী ছিলেন, তা অনস্বীকার্য। তাঁর প্রতিটি সৃষ্টিতে আধুনিকতার উপাদান এতটাই গভীরে প্রোথিত, যা মানব সভ্যতার শেষ দিন পর্যন্ত রসদ জুগিয়ে যাবে। তবুও যুগের প্রয়োজনে স্বাদের বদল ঘটে। গৌরবান্বিত অতীত থাকবেই, কিন্তু আধুনিকতার স্পর্শে সে যখন যুগে যুগে নতুন রূপে ফিরে আসে, তখনই তা সর্বজনীন হয়ে ওঠে। মাহতিম শাকিব ও রুমি রুসার কণ্ঠের গানটি সেই সত্যিটাকেই যেন আধুনিকতার মোড়কে পেশ করল এবং বর্তমান প্রজন্মের কাছে রবীন্দ্রনাথকে আরও বেশি গ্রহণযোগ্য করে তুলল। আজকের তরুণ সমাজ জটিলতা কিংবা অতি-গম্ভীরতার চেয়ে সৃষ্টিশীল নান্দনিকতায় স্বাচ্ছন্দ্য খোঁজে। কঠিন ও জটিল বাস্তবতার মুখোমুখি দাঁড়িয়ে তারা নিজেদের সহজ-সরলভাবে আবিষ্কার করতে চায়। যা কিছু সহজিয়া ও বাঁধনহারা, তরুণ মন স্বভাবতই সেদিকে বেশি আকৃষ্ট হয়। এভাবেই তারা নতুন স্বপ্নের ডানা মেলে আকাশ ছুঁতে চায়। তাদের এই সহজিয়া প্রবণতাকে আমাদের সানন্দে গ্রহণ করা উচিত।

আমাদের কর্তব্য, সৃষ্টিশীল রবীন্দ্রনাথকে এই যুবসমাজের কাছে তাদের নিজস্ব রঙেই ফিরিয়ে দেওয়া। কে বলতে পারে, এই উদীয়মান তরুণদের মাঝেই হয়তো লুকিয়ে আছে শিল্পের অনন্ত মহাসাগর! আজ দিনের শেষে, সমস্ত দ্বন্দ্ব ও অস্থিরতার অবসান ঘটিয়ে রবীন্দ্রনাথের সৃষ্টি দুই বাংলাকেই আবার একসুতোয় বেঁধেছে, এটাই বাংলার আভিজাত্য। প্রবীণ ঐতিহ্য যে তরুণ প্রজন্মের কাছে আজও হিমালয়ের মতো শ্রদ্ধেয়, তা আবারও প্রমাণিত হলো। বছর দুয়েক আগের সেই সাময়িক অন্ধকারের স্মৃতি চিরতরে মুছে যাক, জয় হোক সংস্কৃতির।